# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 18, 1432 Bangla, April 01, 2026, Wednesday, No. 88, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has asked the Education Ministry to explore alternative measures to ease traffic congestion in the capital during school hours. (Jago FM: 12)

The govt has decided not to increase fuel prices in Bangladesh despite the ongoing crisis across the Middle East due to the US-Israeli and Iran war. (BBC: 03)

The Petrol Pump Owners' Association has demanded that security at petrol pumps across the country be strengthened, government monitoring be increased, and initiatives be taken to prevent chaos. (DW: 09)

Demand for goods in importing markets has declined significantly due to the uncertainty and economic crisis caused by the month-long Iran-Israel war, which has reduced consumer's income. (Jago FM: 13)

The govt is considering introducing both online and offline classes at the school level due to the ongoing global energy crisis. (Jago FM: 15)

There have been allegations that 41 children have died of measles in the country in recent times; a decision taken during the former interim government is being blamed for this. (DW: 10)

Health Services Division of the Ministry of Health & Family Welfare has said 10 types of vaccines, including measles, will arrive soon to control the outbreak of measles & reduce child mortality in country. (Jago FM: 12)

Health & Family Welfare Minister Sardar Md Sakhawat Hussain has said the health sector has been severely disrupted and collapsed in many places due to the past govt's limitless corruption. (Jago FM: 13)

State Minister for Foreign Affairs Shama Obaid has said India wants to have new relations with the BNP-led govt; at the same time, the country will normalize visas soon. (Jago FM: 15)

The Iranian government has said Israeli-US strikes have hit one of Iran's largest pharmaceutical companies in Tehran, which produces anaesthetics and cancer drugs. (BBC: 08)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## চৈত্র ১৮, বাংলা ১৪৩২, এপ্রিল ০১, ২০২৬, বুধবার, নং- ৮৮, ৫৬তম বছর

# শিরোনাম

রাজধানীতে স্কুল চলাকালীন সময়ে যানজট কীভাবে নিরসন করা যায় সে বি ষয়ে শিক্ষামন্ত্রীকে বিকল্প খুঁজতে বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১২)

যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও ইরান যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্যজুড়ে চলমান সংকটের মাঝেও বাংলাদেশে জ্বালানি তেলের দাম না বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। (বিবিসি: ০৩)

সারা দেশের পেট্রোল পাম্পগুলোয় নিরাপত্তা জোরদার , সরকারি মনিটরিং বৃদ্ধি ও বিশৃঙ্খলা রোধে উদ্যোগ নেওয়ার দাবি জানিয়েছে পেট্রোল পাম্পের মালিকদের সংগঠন। (ডয়েচে ভেলে: ০৯)

একমাস ধরে চলমান ইরান -ইসরায়েল যুদ্ধের কারণে সৃষ্ট অনিশ্চয়তা ও অর্থনৈতিক সংকটে ভোক্তাদের আয় কমে যাওয়ায় আমদানিকারক বাজারে পণ্যের চাহিদা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। (জাগো এফএম: ১৩)

বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবিলায় সারাদেশের স্কুলগুলোতে অনলাইন ও অফলাইন দুইভাবেই ক্লাস নেওয়ার পরিকল্পনা করছে সরকার। (জাগো এফএম: ১৫)

দেশে সাম্প্রতিক সময়ে হামের কারণে ৪১ শিশুর মৃত্যু হ য়েছে বলে অভিযোগ উঠেছে ; এর পেছনে সাবেক অন্তর্বর্তী সরকারের সময় নেওয়া একটি সিদ্ধান্ত অন্যতম দায়ী বলে অভিযোগ করা হচ্ছে। (ডয়েচে ভেলে: ১০)

দেশে হামের প্রাদুর্ভাব ও শিশু মৃত্যুর হার নিয়ন্ত্রণে হামসহ ১০ ধরনের টিকা দ্রুত সময়ের মধ্যে পৌঁছাবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ। (জাগো এফএম: ১২)

স্বাস্থ্য খাতে বিগত সরকারের সীমাহীন দুর্নীতির কারণে চিকিৎসা সেবা মারাত্মকভাবে ব্যাহত হয়েছে এবং অনেক জায়গায় ভেঙে পড়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। (জাগো এফএম: ১৩)

বিএনপি নেতৃত্বাধীন সরকারের সঙ্গে ভারত নতুন করে সম্পর্ক রাখতে চায় বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ; একইসঙ্গে দেশটি দ্রুতই ভিসা স্বাভাবিকীকরণ করবে বলেও জানান তিনি। (জাগো এফএম: ১৫)

ইরান সরকার জানিয়েছে, মার্কিন ও ইসরায়েলি হামলায় তাদের অন্যতম বৃহৎ ওষুধ উৎপাদনকারী কোম্পানি লক্ষ্যবস্তু হয়েছে, যেখানে অ্যানেস্থেটিক ও ক্যান্সার চিকিৎসার ওষুধ উৎপাদন করা হয়। (বিবিসি: ০৮)

# বিবিসি

## এপ্রিলে বাড়ছে না জ্বালানি তেলের দাম

যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও ইরান যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্য জুড়ে চলমান সংকটের মাঝেও বাংলাদেশে জ্বালানি তেলের দাম না বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। বলা হয়েছে, চলতি এপ্রিল মাসেও বর্তমান দামেই বিক্রি হবে জ্বালানি তেল। আজ মঙ্গলবার, ৩১ মার্চ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, 'জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ নির্দেশিকা (সংশোধিত)'-এর আলোকে এপ্রিল মাসে ভোক্তা পর্যায়ে প্রতি লিটার ডিজেলের দাম ১০০ টাকা, অকটেনের দাম প্র তি লিটার ১২০ টাকা, পেট্রোলের দাম প্রতি লিটার ১১৬ টাকা, কেরোসিনের দাম প্রতি লিটার ১১২ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে।"

(বিবিসি ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ এলিনা)

## 'পাঁচ থেকে ছয়টি টিকার ঘাটতি'- কী বলছে বাংলাদেশের স্বাস্থ্য মন্ত্রণালয়?

বাংলাদেশের স্বাস্থ্য বিভাগ জানিয়েছে যে, তারা আগামী জুলাই-আগস্টে বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে দেশজুড়ে শিশুদের হামের টিকা দেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছে। তবে এর মধ্যেই রোগ প্রতিরোধকারী আরো ছয়টি টিকার ঘাটতির খবর পাওয়া গেছে। বাংলাদেশে প্রতি বছর গড়ে ৪০ লাখের বেশি শিশুকে টিকা দেওয়া হয়। শিশুর জন্মের পর থেকে ১৫ মাস বয়স পর্যন্ত ১২টি রোগ প্রতিরোধে নয় ধরনের টিকা দেওয়া হয়। এগুলোর মধ্যেই প্রায় ছয় ধরনের টিকার ঘাটতির খবর পাওয়া গেছে। বাংলাদেশের কয়েকটি জেলার সিভিল সার্জনদের সাথে কথা বলে জানা গেছে, পোলিও, যক্ষ্মা, নিউমোনিয়া, ডিফথেরিয়া, ধনুষ্টংকার, হাম-রুবেলা ও হেপাটাইটিস বি রোগ প্রতিরোধের জন্য যে-সব টিকা দেওয়া হয় সেগুলোর সংকট রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের যে কর্মসূচি অপারেশনাল প্ল্যান বা ওপির আওতায় টিকা কেনা হতো, অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর, সেটি ২০২৫ সালের আগস্টে বাতিল করে দেওয়া হয়। ফলে টিকা কার্যক্রম সংকটে পরে। অন্তর্বর্তী সরকারের আমলে সেসময় সেপ্টেম্বরে ইপিআই টিকার ঘাটতি দেখা দিয়েছিল। স্বাস্থ্য অধিদপ্তরের উপ-পরিচালক ও সম্প্রসারিত টিকাদান কর্মসূচির প্রধান মোহাম্মদ শাহরিয়ার সাজ্জাদ টিকার সংকটের কথা স্বীকার করেছেন। বিবিসি বাংলাকে তিনি বলেন, "আমাদের হেডকোয়ার্টারে টিকার যে স্টক, সেটা সন্তোষজনক না। এটাতো আমরা অনেক দিন ধরেই বলছি।" "নয়টি টিকার মধ্যে মনে হয় পাঁচ থেকে ছয়টা টিকার শর্টেজ (ঘাটতি) আছে," জানান তিনি।

### কোন কোন টিকার ঘাটতি দেখা দিয়েছে?

কয়েকটি জেলার সিভিল সার্জনদের দেওয়া তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, হামের টিকা থাকলেও যক্ষ্মা, পোলিও, নিউমোনিয়া, ডিফথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকারসহ বেশ কয়েকটি রোগের টিকার সংকট রয়েছে। কুমিল্লার সিভিল সার্জন আলী নূর মোহাম্মদ বশীর আহমেদ বিবিসি বাংলাকে জানিয়েছেন, তার জেলায় যক্ষ্মা ও হামের টিকা থাকলেও, পেন্টাভ্যালেন্ট টিকার ঘাটতি রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর থেকে যক্ষ্মার টিকা সাধারণত একমাসের জন্য দেওয়া হয় উল্লেখ করে তিনি জানান, কুমিল্লা জেলায় আপাতত এক মাসের জন্য যক্ষ্মার টিকা রয়েছে। তিনি জানান, যক্ষ্মা এবং পোলিও টিকা এই মুহূর্তে থাকলেও, সরবরাহজনিত কিছুটা সমস্যা রয়েছে। পাঁচটি রোগ যেমন- ডিফথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার, হেপাটাইটিস-বি, হিমোফাইলাস, ইনফ্লুয়েঞ্জা-বি জনিত রোগের জন্য দেওয়া হয় পেন্টাভ্যালেন্ট টিকা। আর এই জেলায় পেন্টা টিকার ঘাটতি রয়েছে উল্লেখ করে মি. আহমেদ বলেন, "এগুলোর সরবরাহ ঘটিত একটু সমস্যা আছে, ওইটার একটু শর্টেজ আছে। আমরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের (স্বাস্থ্য অধিদপ্তর) সাথে কথা বলেছি, তারা বলেছেন অবিলম্বে পাঠিয়ে দেবেন পাঁচটা রোগের টিকা, পেন্টার একটু শর্টেজ আছে।" চাঁদপুরের সিভিল সার্জন মোহাম্মদ নূর আলম দীন জানিয়েছেন, তার জেলায় হামের টিকার খুব বেশি সংকট কখনো ছিল না। তিনি দাবি করেন, যে-সব টিকা আছে, মাঝে মাঝে সেগুলোর সংকট হয়, খুব বেশি কখনো হয় না। দুই-তিন মাসের মধ্যে ঘাটতি পূরণও হয়ে যায় বলে দাবি করেন তিনি। তবে এই মুহূর্তে তার জেলার স্টোরে যক্ষ্মার বিসিজি টিকা থাকলেও, সিরিঞ্জের স্বল্পতা রয়েছে বলে জানান। বিসিজি সিরিঞ্জের স্বল্পতা থাকলেও, টিকা কার্যক্রম চলমান রাখার জন্য এখন অন্য সিরিঞ্জের মাধ্যমে এই টিকা দেওয়া হচ্ছে বলে জানান চাঁদপুর জেলার এই সিভিল সার্জন। যক্ষ্মা প্রতিরোধে, একটি শিশুর জন্মের পর থেকে ৪২ দিনের মধ্যে এই বিসিজি টিকা দেওয়া হয়। "আমাদের এখন যা আছে, তা দিয়ে প্রায় দুই সপ্তাহ চলতে পারে। এটা শর্টেজ হওয়াটা আসলে উচিত না। এটা তো খারাপ সব সময়। আমার জেলায় হয়ত আরো কিছুদিন থাকবে। শর্ট হওয়ার আগে পেয়ে গেলে তো পেয়ে গেলাম," বলেন ডা. দীন।

তবে, এই জেলায় ওরাল পোলিও টিকার ঘাটতি রয়েছে এবং এক সপ্তাহ আগে সেখানে এটির মজুত শেষ হয়েছে বলে জানান তিনি। পেন্টা এবং নিউমোনিয়ার টিকার ঘাটতি ছিল, তবে তা এখন মিটে গেছে জানিয়ে ডা. নূর আলম দীন বলেন, "পেন্টা টিকা শর্ট ছিল। তবে এখন আমাদের কাছে যা আছে, তা দিয়ে সম্ভবত আমরা এই মাসটা চালাতে পারবো।" প্রতি মাসেই স্বাস্থ্য অধিদপ্তরে একবার করে টিকার জন্য চাহিদা পাঠান বলেও তিনি জানান। এদিকে, ঢাকার পার্শ্ববর্তী জেলা মুন্সীগঞ্জে কিছুদিন আগে যক্ষ্মা ও পেন্টার টিকার সংকট থাকলেও, এই মুহূর্তে সব রোগের টিকা রয়েছে বলে জানিয়েছেন সিভিল সার্জন ডা. কামরুল জমাদ্দার। ১৫ দিন আগে যক্ষ্মা, পোলিও এবং পেন্টাভ্যালেন্ট টিকার

ঘাটতি ছিল এই জেলায় উল্লেখ করে তিনি জানান, "আমাদেরও ঘাটতি ছিল, ঢাকা থেকে আনছি আমরা।" তিনি জানান, টিকা শেষ হওয়ার বেশ কিছুদিন আগে স্বাস্থ্য অধিদপ্তরে চাহিদা দেওয়া হয়, যাতে টিকা থাকতে থাকতেই আবার চলে আসে। এদিকে, যশোর জেলায় ১৪ হাজার দুইশ ডোজ হামের টিকা থাকলেও, যক্ষ্মা, পেন্টাসহ কয়েকটি রোগের চারটি টিকার সংকট রয়েছে। এই জেলার সিভিল সার্জন ডা. মো. মাসুদ রানা বিবিসি বাংলাকে বলেন, "যক্ষ্মার টিকার সংকট আছে, ওইগুলো কেনার প্রক্রিয়ায় আছে তো। এইজন্য কিছুদিন লাগবে। আগামী মাসে বা আগামী সপ্তাহেও পাবো কি না সম্ভাবনা নাই।" মার্চ মাসের শুরুর দিকে নিউমোনিয়া, পেন্টা, যক্ষ্মার টিকা শেষ হয়েছে উল্লেখ করে সংকটের কথা জানান ডা. রানা। তিনি জানান, "এই মুহূর্তে তিন-চারটা টিকার শর্টেজ রয়েছে। এটা সারা বাংলাদেশেই একই চিত্র।" আগামী সপ্তাহে এসব টিকা পাওয়ার সম্ভাবনা রয়েছে বলে স্বাস্থ্য অধিদপ্তর সিভিল সার্জন কার্যালয়কে জানিয়েছে বলে জানান তিনি।

এদিকে, উত্তরাঞ্চলীয় জেলা রংপুরে মার্চ মাসে হাম সন্দেহে ১২ জন রোগীর স্যাম্পল পরীক্ষা করা হয়েছে, তবে ফলাফল নেতিবাচক আসে। অর্থাৎ এই জেলায় এখনো হামের কোনো রোগী এখনো শনাক্ত হয়নি। রংপুরের সিভিল সার্জন ডা. শাহীন সুলতানা বিবিসি বাংলাকে বলেন, "আমার হামের টিকারও কোনো সংকট নেই। আমার বিসিজি, পেন্টাভ্যালেন্টসহ সব টিকাই আছে, কোনো সংকট নেই।" ব্রাহ্মণবাড়িয়া জেলায় হামের টিকা থাকলেও ডিফথেরিয়া, হুপিং কাশি, ধনুষ্টংকারসহ পাঁচ রোগের পেন্টাভ্যালেন্ট এবং যক্ষ্মার টিকার কিছুটা সংকট রয়েছে বলে জানা গেছে। সিভিল সার্জন ডা. মো. নোমান মিয়া জানান, টিকার কিছু কিছু সংকট বা ঘাটতি রয়েছে। "যক্ষ্মার কিছু কিছু ক্ষেত্রে শর্টেজ পড়ে। কিন্তু পড়লেও ডিউরেশনের (সময়ের) মধ্যে এটা দিয়ে আমরা তা কাভার করে ফেলি। পেন্টা, বিসিজির টিকা রিজার্ভ থেকে আপাতত দিয়ে দিচ্ছি," বলেন ডা. মিয়া। তিনি জানান, টিকার সংকট হলে তা মোকাবিলায় উপজেলা থেকে জেলা সদরে এনে রোগীদের রিজার্ভ টিকা থেকে দিয়ে দেওয়া হয়।

**'বিদ্যমান টিকার স্টক দিয়ে কতদিন যাবে বলা মুশকিল'**

স্বাস্থ্য অধিদপ্তরের উপ-পরিচালক ও সম্প্রসারিত টিকাদান কর্মসূচির প্রধান মোহাম্মদ শাহরিয়ার সাজ্জাদ জানিয়েছেন, জেলা ও উপজেলা পর্যায়ে বর্তমানে টিকার যে স্টক রয়েছে, সেটা দিয়ে কতদিন যাবে তা বলা মুশকিল। "জেলা, উপজেলা পর্যায়ে আমরা ডেলিভারি আগে জেলায় দেই। জেলা আবার উপজেলায় দেয়। সেখানে কিছু রয়ে গেছে। সেটা দিয়ে হয়তবা কতদিন কাভার দেওয়া যাবে, সেটা বলাটা মুশকিল," জানান মি. সাজ্জাদ। তিনি জানান, বিদ্যমান টিকা দিয়ে কতদিন চলবে, সেটা নিরূপণের জন্য এরই মধ্যে বিভিন্ন জেলার তথ্য চাওয়া হয়েছে। মি. সাজ্জাদ বলেন, "আমরা অলরেডি তথ্য চেয়ে পাঠিয়েছি তাদের কাছে। তথ্যগুলা আসছে। আশা করি, আজকের দিনের মধ্যে এটা কম্পাইল করতে পারবো।" স্বাস্থ্য অধিদপ্তরের এই কর্মকর্তা জানান, টিকার সংকট নিরসনে ৬০৪ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে। ওই টাকায় কেনা টিকা দিয়ে তিন থেকে চার মাস চাহিদা পূরণ করা যাবে। "এটা আমরা প্রসেসিং করে আশা করি শিগ্‌গিরই এটা মিট আপ করতে পারবো। সব টিকা যেগুলো শর্ট আছে আশা করি, এই টাকা দিয়েই কেনা সম্ভব হবে এবং আশা করি তিন থেকে চার মাস অনায়াসে চলে যাবে," বলেন ইপিআই কর্মসূচির প্রধান মি. সাজ্জাদ।

**কোন কোন রোগে কী কী টিকা দেওয়া হয়**

ইপিআই সহায়িকায় বলা হয়েছে, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি শুরু করার আগে বাংলাদেশে প্রতি বছর প্রায় আড়াই লাখ শিশু ছয়টি রোগে মারা যেত। ১৯৭৯ সালের ৭ এপ্রিল বাংলাদেশে এক বছরের কম বয়সি সকল শিশুদের ছয়টি সংক্রামক রোগের টিকা দেওয়ার মাধ্যমে এই ইপিআই কার্যক্রম শুরু হয়। নিয়মিত টিকা কার্যক্রমের মাধ্যমে শিশুদের যক্ষ্মা, ডিফথেরিয়া, হুপিং কাশি, হাম ও ধনুষ্টংকারের মতো রোগে মৃত্যুর হার উল্লেখযোগ্যভাবে কমে গেছে। পরবর্তীতে ২০০৯ সাল থেকে আটটি সংক্রামক রোগের বিরুদ্ধে টিকাদান কার্যক্রম শুরু করে সরকার। এরপরেও বিভিন্ন সময় রোগভেদে টিকার আওতা আরো বাড়ানো হয়েছে। শূন্য মাস বয়স থেকে ৪৯ বছর বয়স পর্যন্ত শিশু, কিশোরী ও সন্তান ধারণক্ষম মহিলাদের ক্ষেত্রে একেক ডোজের টিকা দেওয়া হয়। শিশু ও মাতৃ মৃত্যুর হার এবং শিশুর পঙ্গুত্বের হার কমানোই এই সম্প্রসারিত টিকাদান কর্মসূচির উদ্দেশ্য বলে এর সহায়িকায় উল্লেখ করা হয়েছে। যক্ষ্মা রোগ প্রতিরোধের জন্য বিসিজি টিকা, পোলিও-মাইলাইটিস রোগের জন্য ওপিভি, পেন্টাভ্যালেন্ট ভ্যাকসিন দেওয়া হয় ডিফথেরিয়া, হুপিং কাশি, ধনুষ্টংকার, হেপাটাইটিস-বি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জাজনিত রোগসমূহের জন্য। এছাড়া নিউমোক্কাল নিউমোনিয়া রোগ প্রতিরোধে পিসিভি টিকা, হাম ও রুবেলা রোগ প্রতিরোধে এমআর ভ্যাকসিন, হামের পৃথক টিকা এবং ধনুষ্টংকার রোগ প্রতিরোধে টিটি বা টিটেনাস টক্সয়েড টিকা দেওয়া হয়।

(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৩.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশের হাসপাতালে আইসিইউ এবং ভেন্টিলেশন সেবা কতটা আছে, কী পরিস্থিতি?

বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলীয় বিভাগ রাজশাহীতে আইসিইউ ও ভেন্টিলেশন সেবা না পেয়ে বেশ কিছু শিশু মারা গেছে বলে সম্প্রতি গণমাধ্যমে খবর প্রকাশিত হয়েছে। চলতি মাসেই রাজশাহী মেডিকেল কলেজে ভেন্টিলেশনসহ আইসিইউ সুবিধার অভাবে ৩৩টি শিশুর মৃত্যুর খবর দেশের সংবাদ মাধ্যমে প্রকাশিত হবার পর এ নিয়ে উদ্বেগ তৈরি হয়। যদিও এদের ১০ থেকে ১২টি শিশু হামে আক্রান্ত ছিল বলে তথ্য পাওয়া গেছে। এছাড়া, এ মাসে রাজশাহীতে এ

রোগে আক্রান্ত ৮০টি শিশুকে চিকিৎসকরা আইসিইউতে নেওয়ার সুপারিশ করলেও, সবাইকে সেই সুবিধা দেওয়া সম্ভব হয়নি বলেও তথ্য পাওয়া গেছে। শিশুদের মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এরই মধ্যে ওই হাসপাতালে ভেন্টিলেশন মেশিন দেওয়ার কথা জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। যদিও হামের কারণেই রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে শিশুরা মারা গেছে কী-না, সে বিষয়টি এখনো নিশ্চিত নয় বলে জানান দাবি স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল বিভাগের পরিচালক আবু হোসেইন মো. মইনুল আহসান। তবে, বাংলাদেশে প্রয়োজনের তুলনায় আইসিইউ এর ব্যবস্থা নেই, বরং খুবই কম জানিয়ে বিবিসি বাংলাকে তিনি বলেন, "এটা ঠিক, প্রয়োজনীয় আইসিইউ আমাদের নেই। বাস্তবতা এটাই।"

**দেশের হাসপাতালগুলোতে আইসিইউর সংখ্যা কত?**

আইসিইউ এর পূর্ণরূপ 'ইন্টেনসিভ কেয়ার ইউনিট'। কোনো কোনো হাসপাতালে এটিকে ক্রিটিক্যাল কেয়ার ইউনিটও বলা হয়। রোগীর যখন একাধিক অঙ্গের জন্য সাপোর্ট প্রয়োজন হয়, সেই অবস্থার জন্য আইসিইউ। আর খুব সংকটময় অবস্থায় শ্বাসযন্ত্রের কার্যক্রম সচল রাখার প্রক্রিয়া হলো ভেন্টিলেশন। সাধারণ মানুষ যাকে বলে লাইফ সাপোর্ট। বাংলাদেশের সরকারি-বেসরকারি হাসপাতালগুলোতে কী পরিমাণ আইসিইউ বেড, ভেন্টিলেটর মেশিন ও এ সংক্রান্ত জরুরি সেবা রয়েছে, সে বিষয়ে তথ্য সংগ্রহ করে ন্যাশনাল ইলেকট্রো মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার। সরকারি এই প্রতিষ্ঠানটির প্রধান টেকনিক্যাল ম্যানেজার জয়ন্ত কুমার মুখোপাধ্যায় বিবিসি বাংলাকে বলেছেন, সারা দেশের সরকারি হাসপাতালে মাত্র এক হাজার ৬২০টি আইসিইউ বেড রয়েছে। যদিও, বেসরকারি হাসপাতালে এ সংখ্যা ঠিক কত, সে তথ্য দিতে পারেননি তিনি। একইসাথে হাসপাতালগুলোতে কী পরিমাণ ভেন্টিলেটর মেশিন আছে, তাও জানা যায়নি। তবে, চিকিৎসা সংক্রান্ত গবেষণা জার্নাল বাংলাদেশ ক্রিটিক্যাল কেয়ার জার্নালে প্রকাশিত এক গবেষণায় সরকারি-বেসরকারি হাসপাতালের আইসিইউ সেবা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া গেছে। ২০২২ সালের অক্টোবরে প্রকাশিত "ক্রিটিক্যাল কেয়ার বেড ক্যাপাসিটি অব বাংলাদেশ: আ প্রি অ্যান্ড পোস্ট কোভিড-১৯ প্যানডেমিক সার্ভে" শীর্ষক প্রতিবেদনে বলা হয়েছে, সরকারি-বেসরকারি হাসপাতালে আইসিইউ বেডের সংখ্যা ২৮৫৬টি। তবে, কোভিড মহামারির পরে আইসিইউ বেডের সংখ্যা কিছুটা বেড়ে এখন প্রায় তিন হাজারের কাছাকাছি বলে জানিয়েছেন আইসিইউ বিশেষজ্ঞ ও চিকিৎসকরা।

২০১৭ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত পরিচালিত এক আন্তর্জাতিক গবেষণার কথা উল্লেখ করে ওই প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে প্রতি এক লাখ মানুষের জন্য মাত্র শূন্য দশমিক সাতটি ক্রিটিক্যাল কেয়ার বা আইসিইউ বেড ছিল। এ সংখ্যা দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের তুলনায় বেশ কম বলেও উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে। তবে, স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা মি. আহসান দাবি করেন, "সত্যি কথা বলতে, এ মুহূর্তেও যদি বিদ্যমান আইসিইউর সংখ্যা দ্বিগুণ করি, তাও আমাদের প্রয়োজন মিটবে না।" পৃথিবীর কোনো দেশেই পর্যাপ্ত আইসিইউ থাকে না বলে দাবি করে এ কর্মকর্তা বলেছেন, "এটা কিন্তু গ্লোবাল ইস্যু। পৃথিবীর কোনো দেশেই পর্যাপ্ত আইসিইউ থাকে না। কোভিডের সময় ইউরোপে যারা মারা গেছে, তারা আইসিইউর অভাবেই মারা গেছে।" "ইভেন আমেরিকায় যারা মারা গেল, তাদের বড়ো অংশও আইসিইউর অভাবে মারা গেছে," বলেন মি. আহসান।

**পেডিয়াট্রিক আইসিইউ কী?**

বাংলাদেশে অ্যাডাল্ট অর্থাৎ প্রাপ্ত বয়স্ক ও নিওনেটাল বা সদ্যোজাত শিশুর জন্য আইসিইউ থাকলেও পেডিয়াট্রিক, মানে অল্পবয়সী শিশুদের জন্য আইসিইউ স্বল্পতা রয়েছে বলে জানান সংশ্লিষ্ট চিকিৎসকেরা। ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউ কনসালটেন্ট ও বিভাগীয় প্রধান আশরাফ জুয়েল বিবিসি বাংলাকে বলেছেন, "বাংলাদেশে এটা খুব রুড রিয়েলিটি যে, যেভাবে অ্যাডাল্ট আইসিইউ ও নিওনেটাল আইসিইউ হয়েছে, সেভাবে পেডিয়াট্রিক আইসিইউ হয়নি।" জন্মের পর থেকে ২৮ দিন পর্যন্ত নিওনেটাল বা সদ্যোজাত শিশুর জন্য "নিওনেটাল আইসিইউ বেড প্রয়োজন হয়" বলে জানান মি. জুয়েল। এটি একটি ছোট্ট কটের মতো বেডের আকারের হয় এবং এতে জায়গা খুব কম লাগে বলে সংখ্যায় বেশি রাখা যায় বলে জানান তিনি।

বাংলাদেশে মোট আইসিইউর প্রায় ২৫ শতাংশের মতো নিওনেটাল আইসিইউ বেড রয়েছে বলে জানান তিনি। যে-সব শিশুর বয়স ১৩ বা ১৪ বছর এবং ওজন ৫০ কেজির নিচে, তাদের সাধারণত পেডিয়াট্রিক আইসিইউতে চিকিৎসা করা হয়। অফিসিয়ালি ১৮ বছর পর্যন্ত শিশুদের এই বেডে চিকিৎসা করা হয়। ডা. জুয়েল বলেছেন, "পেডিয়াট্রিক আইসিইউগুলোতে অ্যাডাল্ট আইসিইউর বেডের মতোই সব ধরনের ফ্যাসিলিটিজ থাকা উচিত। অক্সিজেন, মনিটর, ভেন্টিলেটরসহ অন্য যে-সব ফ্যাসিলিটিজ থাকে, তা থাকতে হবে।" তবে, মোট আইসিইউ বেডের মাত্র তিন শতাংশের মতো এই পেডিয়াট্রিক আইসিইউ রয়েছে বলে জানান তিনি। কোভিডের সময় থেকেই এর প্রয়োজনীয় উপলব্ধি হলেও, এখনো তা হয়নি, যা দুঃখজনক বলে উল্লেখ করেন তিনি। রাজশাহী বিভাগের বিভিন্ন জেলায় পেডিয়াট্রিক আইসিইউ না থাকায়, সব জেলা থেকে হামের রোগীদের রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে এই সেবার জন্য যেতে হয়েছে বলে উল্লেখ করেন তিনি। এর আগে, কোভিড ও ডেঙ্গুতেও পেডিয়াট্রিক আইসিইউ স্বল্পতার কারণে শিশুদের মৃত্যু হয়েছে, কিন্তু পরবর্তীতে এই সংকট নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি বলে মন্তব্য করেন তিনি। স্বাস্থ্য খাতে 'কোনো মতে কাজ চালিয়ে নেওয়ার' কোনো সুযোগ নেই উল্লেখ করে আইসিইউ কনসালটেন্ট ডা. জুয়েল বলেন, "একটা সাসটেইনেবল পলিসি ও ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্টে যেতে হবে।"

**হামের রোগীকে কি আইসিইউ ও ভেন্টিলেশন দিতে হয়?**

হাম একটি ভাইরাসজনিত রোগ, যা মিজলস ভাইরাসের মাধ্যমে অত্যন্ত দ্রুত ছড়ায়। একজন আক্রান্ত শিশু বা প্রাপ্তবয়স্ক ব্যক্তি তার চারপাশের ১২ থেকে ১৮ জনকে সংক্রমিত করতে পারে বলে জানান চিকিৎসকরা। এটি মূলত হাঁচি-কাশির মাধ্যমে, অর্থাৎ রেসপিরেটরি ড্রপলেট দিয়ে ছড়ায়। বিআরবি হাসপাতালের পেডিয়াট্রিক এবং নিওনেটোলোজি বিভাগের সিনিয়র কনসালটেন্ট আয়েশা পারভীন বিবিসি বাংলাকে বলেন, "হাম খুবই ছোঁয়াচে একটি রোগ। তীব্র তাপমাত্রার জ্বর শুরুর তিন থেকে চারদিন পর শরীরে লাল লাল র্যা শ হয়।" কখন হামে আক্রান্ত রোগীর আইসিইউ, ভেন্টিলেশন দেওয়া প্রয়োজন হয়- এমন প্রশ্নে ডা. পারভীন বলেন, হামের সাথে অন্যান্য জটিলতা তৈরি হলেই আইসিইউ সেবা প্রয়োজন হয়। যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম, যেমন সাধারণত এক বছরের নিচে শিশু, বয়স্ক ব্যক্তি, ক্যান্সার পেশেন্ট বা যারা বিভিন্ন থেরাপি নেন, এমন ব্যক্তিদের ক্ষেত্রে হামের পরে জটিলতা সৃষ্টি হতে পারে। তিনি বলেছেন, হাম হলে সব সময় আইসিইউ লাগে না। তবে, কোন বিশেষ পরিস্থিতিতে এর প্রয়োজন হয় জানিয়ে তিনি বলেন, "যদি হামের সাথে বাচ্চার কমপ্লিকেটেড নিউমোনিয়া হয়ে যায়, যখন বাচ্চার প্রচণ্ড পরিমাণ শ্বাসকষ্ট হয় ও অক্সিজেন সাপোর্ট লাগে, অথবা ব্রেনের কোনো প্রদাহজনিত রোগে বাচ্চা আক্রান্ত হয়, তখন আইসিইউ সাপোর্ট লাগবে।" ডা. পারভীন বলেন, "যদি কোনো শিশু তীব্র শ্বাসকষ্টের কারণে অক্সিজেন নিতে না পারে, তখন তাকে ভেন্টিলেটর মেশিনের মাধ্যমে অক্সিজেন সাপোর্ট দেওয়া হয়। নিউমোনিয়া আক্রান্ত হলে, ফুসফুস ঠিকমতো কাজ না করলে, তখন ভেন্টিলেশন দেওয়া হয়।"

**হামে শিশুদের মৃত্যুর তথ্য যাচাই করবে স্বাস্থ্য অধিদপ্তর**

রাজশাহীতে হামে আক্রান্ত হয়ে শিশুদের মৃত্যুর খবরে উদ্বেগ প্রকাশ করে স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, ওই বিভাগীয় হাসপাতালে আইসিইউর জন্য চারটি ভেন্টিলেটর মেশিন দেওয়া হচ্ছে। তবে, মারা যাওয়া শিশুদের মৃত্যু হামেই হয়েছে কী-না, তা যাচাই করে দেখার কথা জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল বিভাগের পরিচালক আবু হোসেইন মো. মইনুল আহসান। তিনি বিবিসি বাংলাকে বলেন, "এটা ভেরিফাই করতে হবে। আমরা বিষয়টা দেখছি। কিন্তু হামে মৃত্যু বলতে হলে তা নিশ্চিত হয়ে বলতে হবে। অ্যাটলিস্ট, একটা ডায়াগনস্টিক এভিডেন্স থাকতে হবে।" 'হামে মৃত্যু আর হামজনিত রোগে মৃত্যু দুইটি ভিন্ন জিনিস' বলে উল্লেখ করেন এই কর্মকর্তা। "হামে মৃত্যু বলতে হলে আরটিপিসিআর টেস্ট করে নিশ্চিতভাবে শনাক্ত করে বলতে হবে। সেজন্য এই সংখ্যাটা আমাদের কাছে বিশ্বাসযোগ্য না।" "হয়ত হামের উপসর্গ ছিল সেই বাচ্চা মারা গিয়েছে। কিন্তু অ্যাকচুয়ালি সে মিজেলসে না-কি মিজেলসজনিত রোগে মারা গিয়েছে, এইটা আমরা বলতে পারছি না," বলেন স্বাস্থ্য অধিদপ্তরের এই কর্মকর্তা।

(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৩.২০২৬ আলী আহমেদ)

## গণভোট ও সংবিধান সংস্কার বিতর্ক কতদূর যাবে

বাংলাদেশে সাবেক অন্তর্বর্তী সরকারের সময়ে করা গণভোট অধ্যাদেশ সরকারি দল বিএনপি সংসদে উত্থাপন না করার সিদ্ধান্ত নেওয়ায়, এটি স্বয়ংক্রিয়ভাবেই বাতিল হয়ে যাওয়ার পরিস্থিতি তৈরি হয়েছে। দলটি বলেছে, গণভোট হয়ে যাওয়ায় অধ্যাদেশটি আর সংসদে তোলার প্রয়োজন নেই। যদিও বিরোধী দলীয় নেতা শফিকুর রহমানের তোলা একটি প্রস্তাবের ওপর সংসদে আলোচনায় অংশ নিয়ে আজ মঙ্গলবার বিরোধী দলীয় সদস্যরা বলেছেন, জুলাই সনদ বাস্তবায়নে যে সংস্কার দরকার, তা সংবিধান সংশোধন করে হবে না। বরং তাদের মতে, এজন্য দরকার হবে সংবিধান সংস্কার। ওই আলোচনায় সরকারি দল বিএনপির সদস্যরা বলেছেন, 'জাতীয় জুলাই সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ ২০২৫' রাষ্ট্রপতি জারি করলেও, সেই এখতিয়ারই তার ছিল না। রাষ্ট্রপতির ওই আদেশ বৈধ আইন নয় বলে বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। "এ আদেশ অন্তর্বর্তী সরকারের অন্তহীন প্রতারণার দলিল। এটি অবৈধ আদেশ। তবে আমরা জুলাই সনদের প্রতিটি শব্দ ও বাক্য ধারণ করি। আমরাই গণভোটের প্রস্তাব দিয়েছিলাম জুলাই সনদের ভিত্তিতে," সংসদে আলোচনায় অংশ নিয়ে বলেছেন মি. আহমদ। তিনি অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা গণভোটের অধ্যাদেশকে "জাতীয় প্রতারণার দলিল" হিসেবে আখ্যায়িত করেছেন।

এর আগে, সংসদ সদস্যদের শপথ গ্রহণের সময় বিএনপির সদস্যরা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি। যদিও জামায়াত জোটের সদস্যরা সেই শপথ নিয়েছিলেন। কিন্তু শেষ পর্যন্ত বিএনপির অনাগ্রহে সংবিধান সংস্কার পরিষদ আর হয়নি। অন্তর্বর্তী সরকারের সময়ে ঐকমত্য কমিশনের সঙ্গে কাজ করার বিশ্লেষকরা বলছেন, বিএনপি তার রাজনৈতিক অঙ্গীকার রাখেনি বলেই এমন পরিস্থিতি তৈরি হয়েছে এবং তাদের মতে, এটি ভবিষ্যতে দেশের রাজনীতিতে নতুন সংকট তৈরি করবে। যদিও বিএনপি স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ ইতোমধ্যেই জাতীয় সংসদে বলেছেন, অন্তর্বর্তী সরকারের সময়ে রাষ্ট্র সংস্কারের জন্য যে জুলাই সনদ হয়েছে, সেটি তারা বাস্তবায়ন করবে।

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর, অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনে রাজনৈতিক দলগুলোর ধারাবাহিক আলোচনার পর ২০২৫ সালের ১৭ অক্টোবর 'জুলাই জাতীয় সনদ ২০২৫' স্বাক্ষরিত হয়েছিল। একই বছরের ১৩ নভেম্বর জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ গেজেট আকারে প্রকাশ করা হয়। পরে জুলাই জাতীয় সনদ

(সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ অনুসারে সংবিধান সংস্কার সম্পর্কিত কতিপয় প্রস্তাবের বিষয়ে জনগণের সম্মতি রয়েছে কি না, তা যাচাইয়ে ২৫ নভেম্বর গণভোট অধ্যাদেশ, ২০২৫ জারি করা হয়। তার ভিত্তিতে গত ১২ ফেব্রুয়ারি সংসদ নির্বাচনের দিন একই সাথে গণভোট অনুষ্ঠিত হয়েছে এবং তাতে 'হ্যাঁ' ভোট জয়ী হয়েছে।

**বিএনপির বিরোধিতা ও অনিহা**

সংসদ নির্বাচনের সময় বিএনপি কেন 'হ্যাঁ' ভোটের পক্ষে ভোট চাইছে না- জামায়াত ও সমমনা দলগুলোর নেতা-কর্মীরা এমন প্রচারণাও চালান। এমন প্রেক্ষাপটে বিএনপি চেয়ারম্যান তারেক রহমান একটি জনসভায় 'হ্যাঁ' ভোটের পক্ষে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছিলেন। কিন্তু দলটি আগে থেকেই বলে আসছিল যে, ঐকমত্য কমিশনের সভায় যে-সব বিষয়ে দলগুলো একমত হয়নি বা যেগুলোতে নোট অব ডিসেন্ট এসেছে, সেগুলো দলগুলো তাদের মতো করে নির্বাচনি ইশতেহারে দেবে এবং ভোটারদের রায় পেলে তারা সেভাবেই তা বাস্তবায়ন করবে। "বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দল তাদের নির্বাচনি ইশতেহারের ভিত্তিতে জনগণের ম্যান্ডেট পেয়েছে, যা সংস্কার প্রক্রিয়ায় প্রতিফলিত হওয়া উচিত," রোববার সংসদে বলেছেন সালাহউদ্দিন আহমদ। তিনি তখন এও বলেছেন যে, "সরকার ও বিরোধী দলের সদস্যদের সমন্বয়ে একটি 'সংবিধান সংস্কার কমিটি' গঠন করা যেতে পারে এবং এ কমিটি সংবিধান বিশেষজ্ঞ, রাজনৈতিক দল, সুশীল সমাজসহ সংশ্লিষ্ট সবার মতামত নিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে সংসদে প্রতিবেদন জমা দিতে পারে।" তবে সেদিন বিরোধীদলীয় নেতা মো. শফিকুর রহমান তার প্রস্তাবে জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ অনুযায়ী, সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বান বিষয়ে আলোচনার জন্য সংসদের কার্যক্রম স্থগিত রাখার আহ্বান জানান। লিখিত বক্তব্যে শফিকুর রহমান বলেন, "গত ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সঙ্গে অনুষ্ঠিত গণভোটে ৭০ শতাংশ মানুষ 'হ্যাঁ' ভোট দেওয়ায় জনগণ এই বাস্তবায়ন আদেশের পক্ষে রায় দিয়েছে। গণভোটে 'হ্যাঁ' ভোট বিজয়ী হওয়ায়, নবনির্বাচিত সংসদ সদস্যরা আইনগতভাবে সংসদ সদস্য এবং সংবিধান সংস্কার পরিষদ-উভয় হিসেবেই শপথ নিতে বাধ্য।" সালাহউদ্দিন আহমদ অবশ্য 'জুলাই জাতীয় সনদ' প্রসঙ্গে সেদিন বলেছেন যে, এটি একটি রাজনৈতিক সমঝোতার দলিল হলেও, এটি স্বয়ংক্রিয়ভাবে সংবিধান সংশোধন করে না, "সংবিধানের যে-কোনো পরিবর্তন সংসদে বিল পাসের মাধ্যমে যথাযথ আইন প্রণয়নের প্রক্রিয়ায়ই করতে হবে।"

**এখন কী হবে**

অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা অধ্যাদেশগুলো চলতি ত্রয়োদশ সংসদের প্রথম অধিবেশনের প্রথম দিনেই সংসদে উত্থাপন করা হয়। নিয়মানুযায়ী, উত্থাপনের পরবর্তী ৩০ দিন, অর্থাৎ আগামী ১২ এপ্রিলের মধ্যে এসব অধ্যাদেশের যেগুলো সংসদে অনুমোদিত হবে না, সেগুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে যাবে। সংসদে উত্থাপনের পর এসব অধ্যাদেশ যাচাই-বাছাইয়ের জন্য একটি বিশেষ কমিটিতে পাঠানো হয়েছে। ওই কমিটির সভাতেই সরকারি দল জানিয়ে দিয়েছে যে, গণভোট অধ্যাদেশ সংসদে উত্থাপন করা হচ্ছে না। এছাড়া মানবাধিকার কমিশন, বিচারপতি নিয়োগ, গুম প্রতিরোধ, দুর্নীতি দমন কমিশন অধ্যাদেশসহ কয়েকটি অধ্যাদেশে পরিবর্তন আনার কথা বলেছে বিএনপি। যদিও বিএনপির এমন অবস্থানের বিরুদ্ধে আপত্তি করে নোট অব ডিসেন্ট দিয়েছে জামায়াত। জামায়াত জোটে থাকা এনসিপির সদস্য সচিব আখতার হোসেন সংসদে সাংবাদিকদের বলেছেন, বিএনপি যাই করুক না কেন, তারা মনে করেন "গণভোট বৈধ এবং আইনগতভাবে তার বৈধতা কখনোই বাতিল করা যাবে না।" বিএনপির কয়েকজন নেতা ধারণা দিয়েছেন যে, গণভোট এবং সেই ভোটের রায় বৈধ কিংবা অবৈধ- সেই আলোচনায় তারা যেতে আগ্রহী নয়। বরং তাদের লক্ষ্য হলো, যে-সব বিষয়ে দলগুলো একমত হয়েছিল এবং বিএনপি তার নির্বাচনি ইশতেহারে যা বলেছিল, তার ভিত্তিতে সামনে সংবিধানে প্রয়োজনীয় পরিবর্তন আনা।

গণভোট অধ্যাদেশটি যখন জারি হয়, তখন সেখানে বলা হয়েছিল, জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ অনুসারে সংবিধান সংস্কার সম্পর্কিত কয়েকটি প্রস্তাবের বিষয়ে জনগণের সম্মতি রয়েছে কি না, তা যাচাইয়ে গণভোটের বিধান প্রণয়নকল্পে প্রণীত এ অধ্যাদেশ। সে কারণে অনেকের মধ্যে এই প্রশ্ন আসছে যে, গণভোট অধ্যাদেশ সংসদে অনুমোদিত না হলে এর অধীনে হওয়া গণভোট এবং সেই ভোটের ফল বাতিল হয়ে যাবে কি না। অধ্যাদেশগুলো পর্যালোচনার জন্য গঠিত বিশেষ কমিটির বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সাংবাদিকদের বলেছেন যে, "গণভোট আয়োজনে একটি অধ্যাদেশ করা হয়েছিল। গণভোট হয়েছে। এই অধ্যাদেশের ব্যবহার হয়েছে। এর কোনো বিরোধিতা নেই। এই অধ্যাদেশকে সংসদে ধারণ করে ভবিষ্যতে ব্যবহার করার আর কিছু নেই।"

বিশ্লেষকরা অবশ্য বলছেন, ভোটের ফল সরকারি দল বাস্তবায়ন না করলে, সেটি এমনিই অকার্যকর হয়ে যায় এবং সে কারণে অধ্যাদেশ অনুমোদিত না হলে ভোটের ফল কী হলো তার কোনো গুরুত্ব থাকে না। আবার অনেকে মনে করেন, সরকারের একটি আইন বা অধ্যাদেশের আওতায় এর মধ্যেই সম্পন্ন হয়ে যাওয়া কোনো রায় বা জনমতের বৈধতা অকার্যকর হয়ে যায় না। ফলে সরকার বাস্তবায়ন না করলেও, এর একটি আইনি ভিত্তি থেকেই যাবে। সুপ্রিম কোর্টের আইনজীবী ও বাংলাদেশ রাষ্ট্র সংস্কার আন্দোলনের সভাপতি হাসনাত কাইয়ুম বলছেন, বিএনপি জাতীয় সনদের স্বাক্ষর করেছে এবং নির্বাচনের মাধ্যমে জনগণ ম্যান্ডেট দিয়েছে। "বিএনপি এখন মনে করছে দুটি নির্বাচনের একটির মূল্য নেই। সেজন্য তারা সংবিধান সংশোধনের কথা বলছে। কিন্তু এটা সংশোধনের অযোগ্য। সংস্কার মানে সংশোধনী না। সংস্কার না হলে ভবিষ্যতে এটি বড়ো সংকটের জন্ম দেবে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

প্রসঙ্গত, জাতীয় ঐকমত্য কমিশনের সভায় রাজনৈতিক দলগুলোর মধ্যে ৩০টি বিষয়ে ঐকমত্য হয়েছিল। আর সংবিধান সংস্কারে ৪৮টি প্রস্তাব নিয়ে গণভোটটি অনুষ্ঠিত হয়েছিল। ভোটের ব্যালটে চারটি প্রশ্ন করে, তাতে ভোটারদের সামনে 'হ্যাঁ' ও 'না' -তে ভোট দেওয়ার সুযোগ রাখা হয়েছিল। ঐকমত্য কমিশনের সদস্য হিসেবে কাজ করেছেন বদিউল আলম মজুমদার। বিবিসি বাংলাকে তিনি বলেন, গণভোটে মানুষ সংস্কারের পক্ষে মত দিয়েছে 'হ্যাঁ' ভোট দেওয়ার মাধ্যমে। "গণভোট সংবিধানের চেয়ে কোনো অংশে কম নয়। এখন যা হচ্ছে, সেটি হলো জনরায় উপেক্ষা করা। এর ফলে স্বৈরাচারী ব্যবস্থা ফিরে আসতে পারে এবং এর মাধ্যমে আমরা মানুষের আত্মত্যাগ অস্বীকার করছি, যা গ্রহণযোগ্য নয়," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ৩১.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরান যুদ্ধে অঞ্চল জুড়ে প্রাণহানি ক্রমশ বাড়ছে

যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও ইরানের মধ্যে গত ২৮ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া যুদ্ধের কারণে পুরো অঞ্চল জুড়ে প্রাণহানির সংখ্যা ক্রমশ বাড়ছে। ইরান : যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা হিউম্যান রাইটস অ্যাকটিভিস্টস ইন ইরান এইচআরএএনএ বলছে, এখন পর্যন্ত ইরানে তিন হাজার ৪৯২ জন নিহত হয়েছেন। নিহতদের মাঝে এক হাজার ৫৭৪ জনই বেসামরিক, যার মাঝে অন্ত ২৩৬ জন আবার শিশু। ইসরায়েল : দেশটির জরুরি সেবা সংস্থা মাগেন ডেভিড অ্যাডাম জানিয়েছে , ক্ষেপণাস্ত্র হামলায় এখন পর্যন্ত ১৯ জন নিহত হয়েছেন। এছাড়া , ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে যে লেবাননে নয়জন ইসরায়েলি সেনা নিহত হয়েছে। লেবানন : দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী , এখন পর্যন্ত এক হাজার ২৪৭ জন নিহত হয়েছেন, যার মধ্যে ১২৪ জন শিশু। উপসাগরীয় অঞ্চল : এখন পর্যন্ত অন্তত ২৪ জন নিহত হয়েছেন, যাদের বেশিরভাগই নিরাপত্তা কর্মী বা বিদেশি শ্রমিক। এর মধ্যে সংযুক্ত আরব আমিরাতে ১১ জন, কুয়েতে সাতজন এবং ওমান, সৌদি আরব ও বাহরাইনে দুইজন করে নিহত হওয়ার খবর পাওয়া গেছে।
(বিবিসি ওয়েব পেজঃ ৩১.০৩.২০২৬ এলিনা)

## ইরানে হামলার শিকার ক্যান্সার ঔষধ উৎপাদনকারী কোম্পানি

ইরান সরকার জানিয়েছে, মঙ্গলবার মার্কিন ও ইসরায়েলি হামলায় তাদের অন্যতম বৃহৎ ঔষধ উৎপাদনকারী কোম্পানি লক্ষ্যবস্তু হয়েছে, যেখানে অ্যানেস্থেটিক ও ক্যান্সার চিকিৎসার ঔষধ উৎপাদন করা হয়। সরকার এক্স প্ল্যাটফর্মে এক পোস্টে জানায় , "মঙ্গলবার সকালে বেসামরিক স্থাপনায় মার্কিন ও ইসরায়েলি হামলার সময় ক্যান্সার প্রতিরোধী , অ্যানেস্থেটিক এবং বিশেষায়িত ঔষধ উৎপাদনকারী বৃহত্তম কোম্পানিগুলোর একটি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এর উৎপাদন লাইনও ক্ষতিগ্রস্ত হয়েছে।" সরকার ব্যাখ্যা করে যে , কোম্পানিটি সোশ্যাল সিকিউরিটি ইনভেস্টমেন্ট কোম্পানির মালিকানাধীন, যা একটি সরকারি হোল্ডিং কোম্পানি এবং পেনশন তহবিল পরিচালনা করে।
(বিবিসি ওয়েব পেজঃ ৩১.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালির একটি দ্বীপে লবণাক্ত পানির শোধনাগারে হামলা

ইরানি গণমাধ্যম মঙ্গলবার জানিয়েছে , হরমুজ প্রণালিতে অবস্থিত ইরানের কেশম দ্বীপের একটি লবণাক্ত পানি শোধনাগারে বিমান হামলা চালানো হয়েছে , যার ফলে স্থাপনাটি অচল হয়ে পড়েছে। তবে ঠিক কখন সেখানে হামলা হয়, তার সময় এখনো নিশ্চিত হওয়া যায়নি। স্বাস্থ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা মোহসেন ফারহাদিকে উদ্ধৃত করে ইরানিয়ান স্টুডেন্ট নিউজ এজেন্সি বা আইএসএনএ জানিয়েছে , "কেশম দ্বীপের একটি লবণাক্ত পানি শোধনাগারে হামলা হয়েছে এবং এটি এখন সম্পূর্ণরূপে অচল , কারণ স্বল্প সময়ে এর মেরামত সম্ভব নয়। " তিনি আরও জানান, এই শোধনাগারটি মেরামতের উপযুক্ত অবস্থা তৈরি না হওয়া পর্যন্ত এলাকাটির পানির চাহিদা ট্যাংকার এবং অন্যান্য শোধনাগারের মাধ্যমে পূরণ করা হবে। এদিকে , হরমোজগানের ডেপুটি গভর্নর আহমদ নাফিসি ইরানের মেহর নিউজ এজেন্সিকে বলেন , "যুদ্ধের প্রথম দিকে কেশমের পানি বিশুদ্ধকরণ কেন্দ্রে হামলা ছাড়া নতুন কোনো হামলা হয়নি।"
(বিবিসি ওয়েব পেজঃ ৩১.০৩.২০২৬ এলিনা)

## 'নিজেদের তেল নিজেরাই সংগ্রহ করুন, ট্রাম্পের পোস্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন , হরমুজ প্রণালির অবরোধের কারণে যারা জ্বালানি পাচ্ছে না , এমন দেশগুলো- "যেমন যুক্তরাজ্য"- তাদের উচিত "সাহস সঞ্চয় করা , প্রণালিতে যাওয়া এবং যা দরকার নিয়ে নেওয়া "। ট্রুথ সোশালে পোস্টে তিনি লিখেছেন , দেশগুলোকে "নিজেদের লড়াই নিজেদেরই করা শিখতে হবে , যুক্তরাষ্ট্র আর সাহায্য করতে সেখানে থাকবে না - যেমন তোমরা আমাদের জন্য ছিলে না "। তিনি সেই দেশগুলোর উদ্দেশ্যে একথা বলেন, "যারা ইরানকে শিরশ্ছেদ করার অভিযানে সম্পৃক্ত হতে অস্বীকার করেছে"। পোস্টে আরও বলা হয়েছে, "ইরান কার্যত ধ্বংস হয়ে গেছে। কঠিন কাজ শেষ "। পোস্টটি শেষ হয়েছে এই বক্তব্য দিয়ে , "নিজেদের তেল নিজেরাই সংগ্রহ করুন!"(বিবিসি ওয়েব পেজঃ ৩১.০৩.২০২৬ এলিনা)

## ফ্রান্স 'খুবই অসহায়ক', অভিযোগ ট্রাম্পের

ট্রুথ সোশালে আরেকটি পোস্টে ডোনাল্ড ট্রাম্প বলেছেন , ইসরায়েলগামী সামরিক সরঞ্জামে বোঝাই বিমানগুলোকে "ফ্রান্স তাদের আকাশসীমা ব্যবহার করতে দেয়নি। " তিনি আরও বলেন , ইরানের "কসাই" হিসেবে যাকে বর্ণনা

করেছেন এবং যিনি "সফলভাবে নির্মূল" হয়েছেন, তাকে ঘিরে ফ্রান্স "খুবই অসহায়ক আচরণ করেছে।" পোস্টটি শেষ হয়েছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের বক্তব্য দিয়ে, "যুক্তরাষ্ট্র এটা মনে রাখবে।"
(বিবিসি ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ এলিনা)

### ইরানের সামরিক বাহিনীর মনোবল ভেঙে গেছে: হেগসেথ

মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, যুক্তরাষ্ট্রের সামরিক শক্তি বাড়ছে, আর ইরানের সামরিক শক্তি কমছে। ইরান যুদ্ধের সর্বশেষ অবস্থা নিয়ে এক ব্রিফিংয়ে আজ তিনি এ কথা বলেন। তার মতে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এমন সব কাজ করছেন, যা এর আগে অন্য কোনো প্রেসিডেন্ট করার সাহস দেখাননি। হেগসেথ আরও বলেন, গত ২৪ ঘণ্টায় ইরান সবচেয়ে কম-সংখ্যক ক্ষেপণাস্ত্র ছুড়েছে। তিনি দাবি করেন যে, দেশটির সামরিক বাহিনীর মনোবল দুর্বল হয়ে পড়ছে। তাই, অনেকে বাহিনী ছেড়ে চলে যাচ্ছে এবং বাহিনীর শীর্ষ নেতাদের মধ্যেও হতাশা কাজ করছে।
(বিবিসি ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ এলিনা)

### ইরানে ৩০ দিনে ১১ হাজারের বেশি লক্ষ্যবস্তুতে হামলা: ড্যান কেইন

যুক্তরাষ্ট্রের জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান ড্যান কেইন বলেছেন, গত ৩০ দিনে ইরানের ১১ হাজারের বেশি লক্ষ্যবস্তুতে হামলা চালানো হয়েছে এবং মার্কিন নৌবাহিনী ১৫০টির বেশি জাহাজ ধ্বংস করেছে। তিনি জানান, ইরানের আকাশসীমায় যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণ বেড়ে গেছে বলেই বি-৫২ বোমারু বিমান এখন স্থলভাগের ওপর দিয়ে উড়তে পারছে। আর এ কারণেই যুক্তরাষ্ট্র নতুন নতুন লক্ষ্যবস্তুতে হামলার সুযোগ পাচ্ছে। এর আগে, মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেন, ইরানে নেতৃত্বে পরিবর্তন এসেছে এবং নতুন নেতৃত্বকে "আগের চেয়ে বেশি বিচক্ষণ" হওয়া উচিত। তিনি সতর্ক করে বলেন, ইরান যদি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে চুক্তিতে না আসে, তাহলে যুক্তরাষ্ট্র সেখানে আরও জোরালো সামরিক অভিযান চালাবে।(বিবিসি ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ এলিনা)

### ইরান যুদ্ধের প্রভাবে দেশে দেশে জ্বালানির দাম বাড়ছে

বিশ্ববাজারে তেলের মানদণ্ড ব্রেন্ট ক্রুডের প্রতি ব্যারেলের দাম ৭৩ ডলার থেকে বেড়ে আজ প্রায় ১১৭ ডলারে পৌঁছেছে। জ্বালানির পাইকারি দাম বেড়ে যাওয়ার কারণে খুচরা বাজারেও জ্বালানির দাম বেড়ে যাচ্ছে, যার প্রভাব গোটা বিশ্বজুড়েই দেখা যাচ্ছে। মধ্যপ্রাচ্যে সংঘাত শুরুর পর যুক্তরাষ্ট্রে পেট্রোলের গড় দাম এক ডলারের বেশি বেড়ে প্রায় চার ডলার ছাড়িয়েছে, যা গত চার বছরের মধ্যে সর্বপ্রথম। যুক্তরাজ্যে পেট্রোলের গড় দাম ১৪ শতাংশ এবং ডিজেলের দাম ২৭ শতাংশ বেড়েছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মাঝে শ্রীলঙ্কা ও বাংলাদেশে জ্বালানি রেশনিং ব্যবস্থা চালু করা হয়েছে। জ্বালানি রেশনিং ব্যবস্থা আরও কিছু দেশে চালু হয়েছে। গত সপ্তাহে ইউরোপীয় ইউনিয়নের দেশগুলোর মধ্যে স্লোভেনিয়া প্রথমবারের মতো এ ব্যবস্থা নেয়। অস্ট্রেলিয়ায় বাড়তি দামের চাপ কমাতে তিনমাসের জন্য জ্বালানি শুল্ক অর্ধেক করা হয়েছে। পাশাপাশি, গাড়ির ব্যবহার কমাতে দেশটির দুটি অঙ্গরাজ্যে সাময়িকভাবে বিনামূল্যে গণপরিবহণ চালু করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

### সকল বাসিন্দার জন্য জরুরি আশ্রয়কেন্দ্র সুরক্ষিত করার পরিকল্পনা গ্রহণ জাপান সরকারের

জাপান সরকার আগামী পাঁচ বছরে দেশের সকল বাসিন্দার জন্য জরুরি আশ্রয়কেন্দ্র নিশ্চিত করার লক্ষ্যে একটি মৌলিক নীতি গ্রহণ করেছে। এই ধরনের প্রথম এই নীতিমালা মঙ্গলবার মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন পেয়েছে। এতে সশস্ত্র হামলা ও অন্যান্য জরুরি পরিস্থিতিতে জনগণকে রক্ষা করার জন্য ২০৩০ অর্থবছর পর্যন্ত গৃহীতব্য পদক্ষেপের রূপরেখা দেওয়া হয়েছে। এই পরিকল্পনার অধীনে, সরকার বেসরকারি খাতের সাথে সমন্বয় করে ট্রেন স্টেশন, বেসমেন্ট এবং গাড়ি পার্কিং এলাকাসহ ভূগর্ভস্থ স্থানগুলোকে আশ্রয়কেন্দ্র হিসেবে চিহ্নিত করবে। এতে এই ধরনের স্থানগুলোকে নিরাপদ জায়গা হিসেবে সর্বোত্তমভাবে ব্যবহারের গুরুত্ব উল্লেখ করা হয়েছে। পাশাপাশি, পৌরসভা পর্যায়ে সকল বাসিন্দাকে সরিয়ে নেওয়ার জন্য পর্যাপ্ত আশ্রয়কেন্দ্র নিশ্চিত করারও লক্ষ্য রাখে সরকার। অন্যান্য পদক্ষেপের মধ্যে স্বল্পমেয়াদি স্থানান্তরের জন্য পর্যাপ্ত সরবরাহ মজুত, বহনযোগ্য শৌচাগার ও শয্যা প্রস্তুত রাখা অন্তর্ভুক্ত। এছাড়া, দুর্যোগের সময় যারা বাড়ি ফিরতে পারবেন না, তাদের জন্য অস্থায়ীভাবে থাকার জায়গা হিসেবে আশ্রয়কেন্দ্রগুলো ব্যবহার্য করার পরিকল্পনাও সরকারের রয়েছে।(এনএইচকে ওয়েবপেইজ: ৩১.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### পেট্রোল পাম্পে নিরাপত্তা জোরদারের দাবি পাম্প মালিকদের

সারা দেশের পেট্রোল পাম্পগুলোয় নিরাপত্তা জোরদার, সরকারি মনিটরিং বৃদ্ধি ও বিশৃঙ্খলা রোধে উদ্যোগ নেওয়ার দাবি জানিয়েছে পেট্রোল পাম্পের মালিকদের সংগঠন বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স, ডিস্ট্রিবিউটর্স, এজেন্ট অ্যান্ড পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশন। সংগঠনটির পক্ষ থেকে বলা হয়, তেলের কোনো স্থায়ী সংকট নেই। তাই আতঙ্কিত হয়ে অতিরিক্ত তেল সংগ্রহ না করে সবাইকে ধৈর্য ধরে পরিস্থিতি মোকাবিলা করতে হবে। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর খবর অনুযায়ী, আজ মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে এই দাবি জানান সংগঠনটির আহ্বায়ক সৈয়দ সাজ্জাদুল করিম কাবুল। সংবাদ সম্মেলনে তিনি বলেন, দেশের পেট্রোল পাম্পগুলো সরকার নির্ধারিত

দামে নিয়মিত জ্বালানি তেল সরবরাহ করে আসছে। মালিক ও কর্মীরা সকাল থেকে রাত পর্যন্ত দায়িত্ব পালন করলেও , বিভিন্ন স্থানে পাম্পে হামলা, কর্মীদের লাঞ্ছনা ও হয়রানির ঘটনা ঘটছে, যা উদ্‌বেগজনক। পাম্পে নিরাপত্তা ও ব্যবস্থাপনা নিয়ে সংবাদ সম্মেলনে আট দফা প্রস্তাব তুলে ধরা হয়। প্রস্তাবগুলো হলো-

(১) পেট্রোল পাম্পে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করা, (২) বাস্তবতার ভিত্তিতে তেল সরবরাহ সমন্বয় করা, (৩) ভোক্তাদের সচেতনতা ও ধৈর্য বজায় রাখা , (৪) পাম্পে হুমকি বা বিশৃঙ্খলা বন্ধ করা , (৫) পেট্রোল-অকটেন বিক্রির সময় সকাল ৭টা থেকে রাত ৮টা নির্ধারণ, (৬) উপজেলা ও জেলা পর্যায়ে নিরাপত্তা জোরদার , (৭) ট্যাংক লরিতে পূর্ণ ধারণক্ষমতা অনুযায়ী তেল সরবরাহ ও (৮) সরকারি মনিটরিং জোরদার ও অযথা দোষারোপ বন্ধ ।

সংগঠনটি জানিয়েছে, রাতে শৃঙ্খলা বজায় রাখতে পেট্রোল ও অকটেন সরবরাহ সীমিত রাখার প্রস্তাব করা হলেও , ডিজেল সরবরাহ অব্যাহত থাকবে, যাতে গণপরিবহণ চলাচলে সমস্যা না হয়।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ রুবাইয়া)

## আবদুল জলিল মন্ডল গ্রেফতার

পুলিশের সাবেক উপ -মহাপরিদর্শক (ডিআইজি) আবদুল জলিল মন্ডলকে গ্রে ফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) । সোমবার সন্ধ্যায় রাজধানীর সবুজবাগ এলাকা থেকে তা কে গ্রে ফতার করা হয় । রাত ১১টার দিকে ডিবির যুগ্ম কমিশনার মোহাম্মদ নাসিরুল ইসলাম ডিডাব্লিউর কনটেন্ট পার্টনা র প্রথম আলোকে বলেন , আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দায়ের করা একটি মামলায় তার বিরুদ্ধে গ্রে ফতারি পরোয়ানা থাকায় তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে অন্য কোনো মামলা আছে কি না , তা যাচাই-বাছাই করা হচ্ছে। আবদুল জলিল মন্ডলের বাড়ি পাবনায়। তিনি পুলিশ বাহিনীতে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। এক সময় তিনি চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) কমিশনার ছিলেন। শাপলা চত্বরে হেফাজতের আন্দোলনের সময় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। এ ছাড়া র্যার পিড অ্যাকশন ব্যাটালিয়নের (রযাব) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) হিসেবেও দায়িত্বে ছিলেন আবদুল জলিল মন্ডল।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ রুবাইয়া)

## হামে শিশু মৃত্যু; টিকার সংকট, নাকি অন্য কিছু?

বাংলাদেশে সাম্প্রতিক সময়ে হামের কারণে ৪১ শিশুর মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। এর পেছনে সাবেক অন্তর্বর্তী সরকারের সময় নেওয়া একটি সিদ্ধান্ত অন্যতম দায়ী বলে অভিযোগ করা হচ্ছে। কিন্তু সেই সরকারের স্বাস্থ্য বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী এই অভিযোগের বিষয়ে একমত নন। অন্তর্বর্তী সরকারের সময় স্বাস্থ্য , জনসংখ্যা ও পুষ্টি খাত কর্মসূচিতে (এইচপিএনএসপি) থাকা অপারেশন প্ল্যান (ওপি) বাতিল করায় পর্যাপ্ত টিকা আনা যায়নি বলে অভিযোগ উঠেছে। কিন্তু আসলেই কি টিকা সংকটের কারণে শিশুদের মৃত্যু হয়েছে ? নাকি অভিভাবকদের অনীহার কারণে শিশুদের টিকা দেওয়া যায়নি। নাকি অন্য কোনো কারণ ? এসব বিষয়ে পরস্পরবিরোধী বক্তব্য পাওয়া গেছে। স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল ডয়চে ভেলেকে বলেছেন, "টিকা সংকটের কথা আমি বলবো না, তবে আমাদের হাতে পর্যাপ্ত টিকা নেই। অন্তর্বর্তী সরকারের সময় পর্যাপ্ত টিকা না আসায় এই পরিস্থিতি হয়েছে। " তবে সাবেক অন্তর্বর্তী সরকারের স্বাস্থ্য বিষয়ক প্রধান উপদেষ্টা র বিশেষ সহকারী অধ্যাপক সাই দুর রহমান ডয়চে ভেলেকে বলেছেন, "এখন পর্যন্ত কোনো শিশুর অভিভাবক কি অভিযোগ করেছেন , তারা টিকা দিতে গিয়ে পাননি ? অন্তর্বর্তী সরকার অনুদান নিয়ে টিকা কেনা পদ্ধতি বাতিল করলেও , নিজস্ব অর্থায়নে টিকার ব্যবস্থা করেছে। দুই দফায় আমরা যে টিকা এনেছি, তাতে এখনও পর্যাপ্ত টিকা থাকার কথা।

### টিকার সংকট, নাকি অন্যকিছু?

স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় গুদামে ১০টি রোগের টিকার মজুত শূন্যে নেমেছে। সরকারি কর্মকর্তারা বলছেন, টিকা কেনার ক্ষেত্রে জটিলতা দেখা দেওয়ায়, মজুত শূন্যে নেমে এসেছে। টিকা সংগ্রহ ও বিতরণের আন্তর্জাতিক উদ্যোগ 'গ্যাভি' বাংলাদেশকে টিকা কেনায় আর্থিক সহায়তা দেয়। স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত কর্মসূচিতে (এইচপিএনএসপি) থাকা অপারেশন প্ল্যানের (ওপি) মাধ্যমে টিকা সংগ্রহ করা হয়। ওপির লাইন ডিরেক্টর ইউনিসেফ ও গ্যাভির সহায়তায় তুলনামূলকভাবে অল্প সময়ে টিকা কিনতে পারতেন। কিন্তু অন্তর্বর্তী সরকারের সময় ২০২৫ সালের আগস্টে স্বাস্থ্য মন্ত্রণালয় পূর্ণ প্রস্তুতি ছাড়াই এইচপিএনএসপি তথা ওপি ব্যবস্থা বাতিল করে দেয় বলে অভিযোগ উঠেছে। এরপর থেকে নতুন প্রকল্প, দলিল তৈরি, প্রকল্প অনুমোদন, প্রকল্প পরিচালক নিয়োগ, অর্থ ছাড়সহ সব কিছুতে বিলম্ব হওয়ায়, এই মুহূর্তে পর্যাপ্ত টিকা সংগ্রহে নেই বলে সংশ্লিষ্টরা অভিযোগ করেছেন। এই বিষয়ে সাবেক অন্তর্বর্তী সরকারের স্বাস্থ্য বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক সাইদুর রহমান ডয়চে ভেলেকে বলেন , "আমরা পরিকল্পনা কমিশনের সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে ওপি বাতিল করেছি। সরকার তখন সিদ্ধান্ত নিয়েছিল , অনুদান নিয়ে আর টিকা কেনা হবে না। নিজস্ব অর্থায়নে টিকা কেনা হবে। সেভাবেই নিজস্ব অর্থায়নে টিকা কেনা হয়। আর এখন শিশু মৃত্যুর জন্য টিকাকে দায়ী করা হচ্ছে। অথচ হামের টিকা একটি শিশু প্রথম ডোজ পায় ৯ মাস বয়সে। আর দ্বিতীয় ডোজ পায় ১৫ মাস বয়সে। কিন্তু যে শিশুদের মৃত্যু হচ্ছে বা আক্রান্ত হচ্ছে , তাদের অধিকাংশের বয়স ৯ মাসের কম। আর একটাও

কি কেস স্টাডি পাওয়া গেছে , যেখানে কোনো অভিভাবক টিকা নিতে গিয়ে ফিরে এসেছেন। তাহলে এই অভিযোগ আসছে কেন?"

সাবেক অন্তর্বর্তী স রকারের সময় স্বাস্থ্য সচিবের দায়িত্বে ছিলেন সাইদুর রহমান। বর্তমানে তিনি অবসরে গেছেন। সাইদুর রহমানও ডয়চে ভেলেকে বলেছেন , "অন্তর্বর্তী সরকারের সময় টিকা কেনার জন্য অর্থ বরাদ্দ চেয়ে পাওয়া গেছে।" অন্তর্বর্তী সরকার টিকা আনলে সেই টিকা গেল কোথায় ? জানতে চাইলে স্বাস্থ্য মন্ত্রী সরদার মো . সাখাওয়াত হোসেন বকুল ডয়চে ভেলেকে বলেন , "চেয়ার ছেড়ে গিয়ে অনেক কথা বলা যায়। কিন্তু বাস্তবতা হচ্ছে আমাদের হাতে পর্যাপ্ত টিকা নেই। পাশাপাশি সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটি , সেটা হলো গত আট বছর আগে হামের টিকা দেওয়া হয়েছিল। এরপর আর দেওয়া হয়নি। প্রতি চা র বছর পরপর নিয়মিত টিকার জাতীয় ক্যাম্পেইন হয়। একটি নির্দিষ্ট বয়সি দেশের সব শিশুকে অল্প কয়েক দিনের মধ্যে টিকার আওতায় আনা হয়। এই ৮ বছরে ক্যাম্পেইনটা হয়নি , যে কারণে অনেক অভিভাবক না জানতে পেরে শিশুদের টিকা দেননি। " তবে সম্প্রসারিত টিকাদান কর্মসূচির (ইপিআই) উপ-পরিচালক মোহাম্মদ শাহরিয়ার সাজ্জাদ ডয়চে ভেলেকে বলেছেন , "তথ্যে কিছু বিভ্রান্তি আছে। আসলে ক্যাম্পেইনের মাধ্যমে সর্বশেষ হামের টিকা দেওয়া হয়েছে ২০২০ সালে। চার বছর পর অর্থাৎ ২০২৪ সালে আবার ক্যাম্পেইন হওয়ার কথা ছিল। কিন্তু ওই বছর তো এমন পরিস্থিতি ছিল না। ফলে দেওয়া হয়নি। এ বছরের এপ্রিলে টিকা দেওয়ার কর্মসূচি নেওয়া হয়েছিল। এটা হয়ত একটু পিছিয়ে যেতে পারে। আর কেন্দ্রীয় ভাণ্ডারে কমে গেছে বলে যে শেষ হয়ে গেছে , তা কিন্তু নয়। এই টিকাগুলো কেন্দ্রীয় ভাণ্ডারের বাইরেও বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে থাকে। সেইসব জায়গায় কিন্তু পর্যাপ্ত টিকা আছে। আর ক্যাম্পেইনে যেতে শুধু টিকা নয়, আর কিছু প্রস্তুতি লাগে। সেই প্রস্তুতি চলছে।"

**হঠাৎ করেই কি হামের প্রাদুর্ভাব?**

সারাদেশে হঠাৎ করেই শিশুদের মধ্যে হামের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। চলতি বছরে সারা দেশের হাসপাতালগুলোতে হাম আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে ৬৭৬ শিশু। সম্প্রসারিত টিকাদান কর্মসূচি সূত্রে এ তথ্য জানা গেছে। এখন পর্যন্ত ৪১ শিশুর মৃত্যুর তথ্য পাওয়া গেলেও স্বাস্থ্য বিভাগ বলছে , হাম আক্রান্ত হয়ে চলতি বছর এখন পর্যন্ত ৩৩ শিশুর মৃত্যু হয়েছে। রাজধানীর মহাখালীর সংক্রামক ব্যাধি হাসপাতালে এখন পর্যন্ত ২৪ শিশুর মৃত্যু হয়েছে। হাসপাতালের শিশু বিশেষজ্ঞ ডা. এ আর এম সাখাওয়াত হোসেন জানান , গত তিন মাসে মারা যাওয়া ২৪ জনের মধ্যে আটজন জলবসন্ত আক্রান্ত হয়ে এবং একজন টিটেনাসে আক্রান্ত হয়ে মারা গেছেন। হামে আক্রান্ত হয়ে ১৫ শিশুর মৃত্যু হয়েছে এই হাসপাতালে। এর বাইরে বাংলাদেশ শি শু হাসপাতাল ও ইনস্টিটিউটে ৬ জন, বরিশাল বিভাগে ৭ জন, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ৫ জন, চাঁপাইনবাবগঞ্জে ৪ জন এবং রাজশাহী, পাবনা ও গোপালগঞ্জে ১ জন করে শিশু মারা গেছে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতা লে চলতি বছরে হামের উপসর্গ নিয়ে ৩০ শিশু মারা যায়। এদের মধ্যে ১ জনের হাম পরীক্ষা পরে শনাক্ত করা গেছে। বাকিগুলো শনাক্ত হয়নি। হামে আক্রান্ত হয়ে শিশু মৃত্যুর ঘটনায় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সরকারি দলের সভা শেষে সাংবাদিকদের এই তথ্য জানান চিফ হুইপ মো. নূরুল ইসলাম মনি।

**কোন বয়সি শিশুরা হামে আক্রান্ত হচ্ছে**

হামে আক্রান্ত হয়েছে বা আক্রান্ত হয়ে যে শিশুরা মারা গেছে , তাদের অধিকাংশের বয়স ৯ মাসের কম। ইপিআই -এর উপ-পরিচালক মোহাম্মদ শাহরিয়ার সাজ্জাদ ডয়চে ভেলেকে বলেন , "এখন পর্যন্ত আক্রান্ত ৩৩ শতাংশ শিশুর বয়স ৯ মাসের কম। এই কারণে সোমবার সকালে 'ন্যাশনাল ইমিউনাইজেশন টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির ' সভা বসেছিল। সেখানে সিদ্ধান্ত হয়েছে , সামনের ক্যাম্পেইনে ৬ মাসের বেশি বয়সি শিশুদের এই টিকা দেওয়া হবে। " ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক ডা . মাইনউদ্দিন খান ডয়চে ভেলেকে জানান , তাদের হাসপাতালে যে পাঁচ শিশুর মৃত্যু হয়েছে , তার মধ্যে দুইজনের বয়স ৯ মাসের কম। অন্যদের বয়স বেশি। সাবেক অন্তর্বর্তী সরকারের স্বাস্থ্য বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক সাইদুর রহমান বলেন , "হামের টিকার দুইটা ডোজ নিতে হয়। প্রথমটা ৯ মাসের পর এবং দ্বিতীয়টা ১৫ মাসের মাথায়। এখন অনেক অভিভাবক প্রথমটা নেওয়ার পর দ্বিতীয়টা নেওয়াতে অনীহা দেখায়। ফলে তাদের ডোজ কমপ্লিট হয় না। " জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. লেনিন চৌধুরী ডয়চে ভেলেকে বলেন , "হাম করোনার চেয়েও বেশি ছোঁ য়াচে। একজন হামের রোগী ১৫ থেকে ১৮ জনকে সংক্রমিত করতে পারে। এখন কোন বয়সের বাচ্চা টিকা পাবে , সেটা তো অনেক গবেষণার পর বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঠিক করেছে। এখন এই শিশুদের আশপাশে যারা আছে, তাদের ইউমিনিট যদি তৈরি হতো, তাহলে তো এই বাচ্চারা আক্রান্ত হতো না। ফলে বয়স ৯ মাস থেকে কমিয়ে ৬ মাসে আনলেই সমস্যার সমাধান হবে না। নিয়মিত টিকাদান কর্মসূচি অব্যাহত রেখে এর সমাধান খুঁজতে হবে।"

**সরকারের প্রস্তুতি**

স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল ডয়চে ভেলেকে বলেন , "আমরা ইতোমধ্যে ৬০৪ কোটি টাকা বরাদ্দ করেছি। ইউনিসেফের মাধ্যমে কেনার প্রক্রিয়া শুরু হয়ে গেছে। " এই টিকা আসতে কতদিন লাগতে পারে ? জানতে চাইলে তিনি বলেন, "তিন থেকে চার মাসের মধ্যে চলে আসবে বলে আমরা আশা করছি। " এছাড়াও হাম প্রতিরোধে নানা উদ্যোগ নিয়েছে সরকার। এর মধ্যে দেশের বড়ো ১০টি মেডিকেল কলেজ হাসপাতালে আলাদা হামের ওয়ার্ড চালু

রাখা হয়েছে। এছাড়া হামের সংক্রমণ নিয়ন্ত্রণে আগামী জুনের প্রথম সপ্তাহে শুরু হচ্ছে হামের বিশেষ টিকাদান ক্যাম্পেইন। প্রায় ২ কোটি শিশুকে টিকার আওতায় আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এবার ৬ মাস থেকে ১০ বছর বয়সি শিশুরা এই বিশেষ ক্যাম্পেইনের আওতায় টিকা পাবে। শি শুদের মধ্যে রোগের প্রকোপ বেড়ে যাওয়ায় , সরকারি ব্যবস্থাপনায় আরও ২০টি ভেন্টিলেটর প্রস্তুত রাখা হয়েছে।

**দেশের ৭০ হাজার শিশু কোনো টিকাই পায়নি**

বাংলাদেশে শিশু টিকাদানে দীর্ঘমেয়াদি অগ্রগতি সত্ত্বেও এখনো বড়ো একটি অংশ সুরক্ষার বাইরে রয়ে গেছে। জাতিসংঘের শিশু বিষয়ক সং স্থা ইউনিসেফ জানিয়েছে, দেশে প্রায় ৫ লাখ শিশু পূর্ণ টিকা সূচির আওতায় নেই, যার মধ্যে অন্তত ৭০ হাজার শিশু কোনো টিকাই পায়নি। সম্প্রতি প্রকাশিত এক প্রেস বিজ্ঞপ্তিতে সংস্থাটি জানায়, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) চালুর পর কয়েক দশকে উল্লেখযোগ্য উন্নতি হলেও 'জিরো-ডোজ' এবং আংশিক টিকাপ্রাপ্ত শিশুদের একটি বড়ো অংশ এখনো রয়ে গেছে। আনুমানিক ৪ লাখ শিশু সব ডোজ সম্পন্ন করতে পারেনি , যা সামগ্রিক টিকাদান ব্যবস্থায় একটি গুরুত্বপূর্ণ ফাঁক নির্দেশ করে। তথ্য অনুযায়ী , শহরাঞ্চলে টিকাদানের বৈষম্য তুলনামূলক বেশি। শহরে মাত্র ৭৯ শতাংশ শিশু পূর্ণ টিকাসূচি সম্পন্ন করেছে , ২ দশমিক ৪ শতাংশ এক ডোজও পায়নি এবং প্রায় ১০ শতাংশ নির্ধারিত সব ডোজ নেয়নি। বিপরীতে গ্রামাঞ্চলে এই হার তুলনামূলক ভালো , যেখানে প্রায় ৮৫ শতাংশ শিশু পূর্ণ টিকা সূচি পেয়েছে। বাংলাদেশে ইউনিসেফের ভারপ্রাপ্ত প্রতিনিধি স্ট্যানলি গোয়াভুয়া বলেন, "১৯৭৯ সালে ইপিআই চালুর পর পূর্ণ টিকাপ্রাপ্ত শিশুর হার ২ শতাংশ থেকে বেড়ে ৮১ দশমিক ৬ শতাংশে পৌঁছেছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

**স্কুল চলাকালীন যানজট নিরসনে বিকল্প খোঁজার নির্দেশ প্রধানমন্ত্রীর**

রাজধানীতে স্কুল চলাকালীন সময়ে যানজট কীভাবে নিরসন করা যায় , সে বিষয়ে শিক্ষামন্ত্রীকে বিকল্প খুঁজতে বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সাথে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন ও শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এসব ক থা বলেন বলে জানান প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। তিনি বলেন, রাজধানীতে স্কুল সময়ে যেভাবে যানজট হয়, তা কীভাবে নিরসন করা যায় এবং এ ব্যাপারে বিকল্প ব্যবস্থা কী কী হতে পারে , তা নিয়ে আলোচনা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী এ ব্যাপারে মন্ত্রণালয় কে প্রস্তাবনা তৈরি করে উপস্থাপন করতে বলেন। অতিরিক্ত প্রেস সচিব বলেন, উদাহরণ হিসেবে দেখা গেছে, রাজধানীর একটি স্কুলে দেড়শ শিক্ষার্থীর জন্য ১০০টি গাড়ি স্কুলের সামনে ভিড় করে। এতে ব্যাপক যানজট সৃষ্টি হয়। শিক্ষার্থীদের শিক্ষাপ্রতিষ্ঠানে আসতে বেগ পেতে হয়। এ সমস্যা গুলো অ্যাড্রেস করে মাননীয় প্রধানমন্ত্রী বিকল্প খুঁজতে মন্ত্রীকে পরামর্শ দিয়েছেন। শিক্ষামন্ত্রীর পরে জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু ও প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন বলে জানান অতিরিক্ত প্রেস সচিব। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

**সংসদ অধিবেশনেও পত্রিকায় চোখ প্রধানমন্ত্রী তারেক রহমানের**

জাতীয় সংসদের গুরুত্বপূর্ণ অধিবেশন চলাকালেও রাষ্ট্রীয় দায়িত্বের প্রতি নিজের সচেতনতা ও মনোযোগের অনন্য দৃষ্টান্ত স্থাপন করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অধিবেশন কক্ষে বসেই তাকে দেখা গেলো দৈনিক পত্রিকার পাতায় চোখ বোলাতে, যা এরই মধ্যে আলোচনার জন্ম দিয়েছে রাজনৈতিক অঙ্গন ও সামাজিক মাধ্যমে। এই মুহূর্তের একটি ছবি শেয়ার করেছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। ছবিতে দেখা যায়, সংসদের কার্যক্রম চলমান থাকলেও, প্রধানমন্ত্রী মনোযোগ দিয়ে পত্রিকার গুরুত্বপূর্ণ সংবাদগুলো পর্যালোচনা করছেন। সংশ্লিষ্টরা বলছেন, এটি কেবল একটি সাধারণ দৃশ্য নয়, বরং দেশের সার্বিক পরিস্থিতি সম্পর্কে আপডেট থাকার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর দায়িত্ববোধেরই প্রতিফলন। রাষ্ট্র পরিচালনার ব্যস্ততার মধ্যেও গণমাধ্যমে প্রকাশিত খবর, জনমত এবং গুরুত্বপূর্ণ ইস্যুগুলো সম্পর্কে অবগত থাকার এই অভ্যাস একজন দায়িত্বশীল রাষ্ট্র নায়কের পরিচায়ক হিসেবে দেখা হচ্ছে। রাজনৈতিক বিশ্লেষকেরাও মনে করছেন, সংসদ অধিবেশনের মতো গুরুত্বপূর্ণ সময়েও পত্রিকার ওপর নজর রাখা সরকারের নীতি-নির্ধারণে তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের ইঙ্গিত বহন করে। গণমাধ্যমে উঠে আসা নানা সমস্যা, জনদুর্ভোগ কিংবা নীতিগত প্রশ্নগুলো দ্রুত অনুধাবনের মাধ্যমে কার্যকর পদক্ষেপ গ্রহণের সুযোগ তৈরি হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

**দ্রুত দেশে পৌঁছাবে হামসহ ১০ ধরনের টিকা : স্বাস্থ্য সচিব**

দেশে হামের প্রাদুর্ভাব ও শিশু মৃত্যুর হার নিয়ন্ত্রণে হামসহ ১০ ধরনের টিকার টাকা পরিশোধ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে টিকা পৌঁছাবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সচিব কামরুজ্জামান চৌধুরী। মঙ্গল বার রাজশাহী মে ডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। তিনি জানান, হামসহ ১০ ধরনের টিকা সংগ্রহে সরকার এরই মধ্যে ৬০৪ কোটি টাকা বরাদ্দ দিয়েছে এবং এ অর্থ ইউনিসেফকে পরিশোধ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে টিকা দেশে পৌঁছাবে এবং ডোজ হাতে পেলেই সারাদেশে টিকাদান কর্মসূচি শুরু করা হবে। সচিব বলেন, করোনা মহামারি চলাকালীন টিকাদান কার্যক্রমে কিছুটা স্থবিরতা তৈরি

হয়েছিল। সেই ঘাটতি পূরণে এবার বৃহৎ পরিসরে টিকাদান কর্মসূচি হাতে নেওয়া হয়েছে , যার মাধ্যমে শিশুদের মধ্যে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## আরও ১৪ জেলা পরিষদে প্রশাসক নিয়োগ

আরও ১৪ জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। ঢাকা , নীলফামারী, লালমনিরহাট, পাবনা, নড়াইল, বরগুনা, জামালপুর, গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, হবিগঞ্জ, চাঁদপুর ও ফেনীর জেলা পরিষদে নতুন প্রশাসক নিয়োগ দিয়ে মঙ্গ লবার স্থানীয় সরকার বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। মো. ইয়াছিন ফেরদৌস মোরাদ ঢাকা, মো. মিজানুর রহমান চৌধুরী নীলফামারী , এ কে এম মমিনুল হক লালমনিরহাট , মোহাম্মদ জহুরুল ইসলাম পাবনা, মো. মোস্তাফিজুর রহমান আলেক নড়াইল , মো. নজরুল ইসলাম মোল্লা বরগুনা , মো. সিরাজুল হক জামালপুর জেলা পরিষদের প্রশাসক নিয়োগ পেয়েছেন। এছাড়া চৌধুরী ইশরাত আহমদ সিদ্দিকীকে গাজীপুর, জামিলুর রশিদ খানকে মানিকগঞ্জ, তোফাজ্জল হোসেনকে নরসিংদী, মো. আফজাল হোসেন খান পলাশকে ফরিদপুর , আহমেদ আলীকে হবিগঞ্জ, এ কে এম সলিম উল্যা সেলিমকে চাঁদপুর এবং অধ্যা পক এম এ খালেককে ফেনী জেলা পরিষদের প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## সিগারেটের দাম বাড়ানোর ইঙ্গিত এনবিআর চেয়ারম্যানের

রাজস্ব বাড়াতে সিগারেট ও তামাকজাত পণ্যে নতুন কর কাঠামো প্রণয়ন এবং দাম বাড়ানোর ইঙ্গিত দিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খান। একইসঙ্গে চোরাচালান ও জাল স্ট্যাম্পের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা হিসেবে জব্দ করা পণ্য জনসমক্ষে ধ্বংস করার কথাও জানান তিনি। এছাড়া উন্নত বিশ্বের মতো সিগারেটের প্যাকেটে কিউআর কোড সংযুক্ত করার পরিকল্পনার কথা জানান এনবিআর চেয়ারম্যান।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## ১ লাখ ৯৩ হাজার টন জ্বালানি মজুত আছে

মঙ্গলবার পর্যন্ত দেশে সব ধরনের জ্বালানি তেলের মোট মজুতের পরিমাণ ১ লাখ ৯২ হাজার ৯১৯ টন বলে জানিয়েছেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মুখপাত্র ও যুগ্ম সচিব মনির হোসে ন চৌধুরী। মঙ্গলবার সচিবালয়ে সার্বিক জ্বালানি পরিস্থিতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। মনির হোসেন চৌধুরী জানান , মঙ্গলবার জ্বালানি তেলের মোট মজুতের পরিমাণ ১ লাখ ৯২ হাজার ৯১৯ টন। এর মধ্যে ডিজেল ১ লাখ ২৮ হাজার ৯৩৯ টন, অকটেন ৭ হাজার ৯৪০ টন, পেট্রোল ১১ হাজার ৪৩১ টন এবং জেট ফুয়েল ৪৪ হাজার ৬০৯ টন। তিনি বলেন, আমাদের যে কার্গোগুলো আসে, সেগুলো থেকে নিয়মিত খালাস হয়ে একটা ফিগার যুক্ত হতে থাকে। তাই আমরা প্রতিদিন যে যে পরিমাণ সরবরাহ করে থাকি আবার নতুন করে একটা তেল যুক্ত হয়। ডিজেল পাচারের বিষয়ে সর কার সজাগ আছে জানিয়ে যুগ্ম সচিব বলেন, সরকার এ নির্দেশনা দিয়ে রেখেছে, যাতে পাচার রোধ নিশ্চিত করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## ইরান-ইসরায়েল যুদ্ধের প্রভাবে কমছে রপ্তানি আদেশ, বাড়ছে ব্যয়

একমাস ধরে চলমান ইরান-ইসরায়েল যুদ্ধের প্রভাবে মধ্যপ্রাচ্য সহ বৈশ্বিক বাণিজ্যে অস্থিরতা তৈরি হয়েছে, যার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব পড়ছে বাংলাদেশের রপ্তানি খাতে। শিপিং ব্যয় বৃদ্ধি , সরবরাহ শৃঙ্খল বিঘ্ন , জ্বালানি মূল্যবৃদ্ধি এবং চাহিদা হ্রাস - সব মিলিয়ে দেশের রপ্তানিমুখী শিল্পগুলো জটিল ও বহুমাত্রিক বাড়তি চাপের মুখে প ড়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। স্বল্পমেয়াদে খরচ বৃদ্ধি ও অর্ডার কমার চাপ থাকলেও , দীর্ঘমেয়াদে এটি দেশের রপ্তানি কাঠামো পুনর্বিন্যাসের প্রয়োজনীয়তাও সামনে নিয়ে এসেছে। আর এটা মূলত যুদ্ধের কারণে সৃষ্ট অনিশ্চয়তা ও অর্থনৈতিক সংকটে ভোক্তাদের আয় কমে যাওয়ায় , আমদানিকারক বাজারে এসব পণ্যের চাহিদা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## রামেক হাসপাতালে হামের উপসর্গ নিয়ে দুই শিশুর মৃত্যু

রাজশাহী মেডিকেল কলেজ হাসপা তালে হামের উপসর্গ নিয়ে চিকিৎসাধীন অবস্থায় দুই শিশু মারা গেছে। মঙ্গলবার দুপুরে হাসপাতালটির জরুরি বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা ডা . শংকর কুমার বিশ্বাস এসব তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, বর্তমানে হাসপাতালে সাসপেক্টেড হামের মোট ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৯৮ জনে। গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ১৬ জন সাসপেক্টেড রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। তিনি জানান, গত ২৪ ঘণ্টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে সাসপেক্টেড হামে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ২ জনের। এ নিয়ে হামের উপসর্গে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৩ জনে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## গুজবে আতঙ্কিত হয়ে অতিরিক্ত তেল না কেনার আহ্বান পাম্প মালিকদের

দেশজুড়ে পেট্রোল পাম্পে হামলা বন্ধ ও পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়েছেন পেট্রোল পাম্প মালিকরা। একইসঙ্গে জ্বালানি সংকটের গুজবে আতঙ্কিত হয়ে অতিরিক্ত তেল না কিনতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন তারা। তারা বলেছেন , সরকারের নেওয়া রেশনিং কার্যক্র ম নির্বিঘ্ন রাখতে সবার সহযোগিতা প্রয়োজন। পাশাপাশি পাম্পে বিশৃঙ্খলা ঠেকাতে তেল বিক্রির সময় সকাল ৭টা থেকে রাত ৮টা পর্যন্ত নির্ধারণের প্রস্তাবও দিয়েছে সংগঠনটি।

মঙ্গলবার রাজধানীর মগবাজারে গলফেশো প্লাজায় আয়োজিত জরুরি সংবাদ সম্মেলনে এসব দাবি জানায় বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স, ডিস্ট্রিবিউটার্স, এজেন্ট অ্যান্ড পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশন। এ সময় সংগঠনটির কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে সংগঠনটি দেশজুড়ে পেট্রোল পাম্পে অস্থিরতা, হামলা ও আতঙ্কের পরিবেশ সৃষ্টি হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে। একইসঙ্গে পাম্পগুলোতে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করা এবং জ্বালানি তেল সরবরাহ স্বাভাবিক রাখতে সরকারের কাছে কয়েকটি সুপারিশ তুলে ধরেছে সংগঠনটি।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## অনলাইন-অফলাইনে ক্লাস চায় শিক্ষা মন্ত্রণালয়, সিদ্ধান্ত মন্ত্রিসভায়

বৈশ্বিক জ্বালানি সংকট ও হামের প্রাদুর্ভাবের কারণে সব মহানগরীর স্কুলের ক্লাস অনলাইন ও অফলাইনে দুই মাধ্যমেই নেওয়ার চিন্তা করছে শিক্ষা মন্ত্রণালয়। তবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে মন্ত্রিসভা। মঙ্গলবার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ তথ্য জানান শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। তিনি বলেন, বেশিরভাগ অভিভাবক চাচ্ছে অনলাইনে ক্লাস করার, কিন্তু সরকার চাচ্ছে অনলাইনের পাশাপাশি অফলাইনে ক্লাস নেওয়ার। তাই সপ্তাহে কতদিন অনলাইন আর কতদিন অফলাইনে ক্লাস নেওয়া হবে, তা নির্ধারণ করে প্রস্তাব প্রস্তুত করা হবে। চূড়ান্ত সিদ্ধান্ত মন্ত্রিসভা দেবে বলেও জানান শিক্ষামন্ত্রী। সাধারণত প্রতি বৃহস্পতিবার মন্ত্রিসভার বৈঠক হয়। সে হিসেবে আগামী ২ এপ্রিল সচিবালয়ে মন্ত্রিসভা বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। মন্ত্রিসভার বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## ৮ এপ্রিল শেষ হতে পারে ক্রুডের মজুত, বন্ধের হুমকিতে ইস্টার্ন রিফাইনারি

বিশ্বের অনেক দেশের মতো বাংলাদেশেও জ্বালানি সংকট প্রকট আকার ধারণ করছে। সরকার নিয়মিত আমদানির পাশাপাশি স্পট মার্কেট থেকে পেট্রোলিয়াম জ্বালানি আমদানি করে সরবরাহ চেইন স্বাভাবিক রাখার চেষ্টা করে চলেছে। এর মধ্যে ক্রুড সংকটে দেশের একমাত্র রাষ্ট্রীয় পেট্রোলিয়াম রিফাইনারি ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের উৎপাদন পুরোপুরি বন্ধ হয়ে আশঙ্কায় মাথা ব্যথা বেড়েছে বিপিসির। সংকট সামাল দিয়ে সরবরাহ ঠিক রাখতে বিপিসির অপারেশন ও বণ্টন বিভাগের কর্মকর্তারা রাতদিন কাজ করছেন। তথ্য মতে, ইস্টার্ন রিফাইনারিতে ক্রুড অয়েল রাখার আটটি ট্যাংক রয়েছে। এর মধ্যে দুটির বর্তমানে রক্ষণাবেক্ষণ চলছে। বিশ্বস্ত সূত্রের তথ্য অনুযায়ী, ৩০ মার্চ সকালে ইস্টার্ন রিফাইনারির ৬ ট্যাংকে ডেডস্টক বাদে ৩৯ হাজার ১৮৯ টন অপরিশোধিত তেল মজুত রয়েছে। ইআর এল প্রতিদিন চার হাজার টন ক্রুড অয়েল পরিশোধন করে। সে হিসেবে সরকারি রিফাইনারিটিতে পরিশোধনের জন্য ১০ দিনের কম অপরিশোধিত তেল মজুত রয়েছে। তবে সূত্র জানিয়েছে, এ মজুতে নিরাপদ উৎপাদন হবে মাত্র ৬ দিন। সব মিলিয়ে হিসাব করলে বর্তমান মজুতে ৮ এপ্রিল পর্যন্ত প্ল্যান্ট চালানো যাবে। মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধের কারণে এই সময়ের মধ্যে আমদানি করা ক্রুড আসার কোনো সম্ভাবনা নেই। তাতে ওইদিন অপরাহ্নে বন্ধ করে দিতে হতে পারে ইস্টার্ন রিফাইনারির প্ল্যান্টটি। কারণ সৌদি আরব থেকে একটি জাহাজ বাংলাদেশে আসতে কমপক্ষে ১২ দিন সময় লাগে। ( জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## পে-স্কেল পুনর্বিবেচনায় নতুন কমিশন দরকার: ড. দেবপ্রিয় ভট্টাচার্য

অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেছেন, নতুন পে স্কেল নিয়ে সিদ্ধান্ত নিতে হলে বর্তমান সরকারের নিজস্ব কমিশন গঠন করা প্রয়োজন। তিনি মনে করেন, আগের সরকারের প্রস্তাবিত পে কমিশনের রিপোর্টকে সরাসরি গ্রহণ না করে তা একটি উপাদান হিসেবে বিবেচনা করা উচিত। মঙ্গলবার সকালে রাজধানীর ধান মন্ডিতে সেন্টার ফর পলিসি ডায়ালগ সিপিডি কার্যালয়ে 'বাজেট ঘিরে নাগরিক ভাবনা ও প্রত্যাশা' শীর্ষক প্রাক্-বাজেট মিডিয়া ব্রিফিংয়ে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানের আয়োজন করে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম। ড. দেবপ্রিয় বলেন, বিগত সরকার তাদের মেয়াদের শেষ সময়ে পে-স্কেল সংক্রান্ত যে উদ্যোগ নিয়েছে, তা বাস্তবায়নের দায়িত্ব বর্তমান সরকারের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে। এতে এক ধরনের 'প্রলম্বিত দায়' তৈরি হয়েছে, যা অনেক ক্ষেত্রে অন্যায্য বলেও মন্তব্য করেন তিনি। এই সরকারের নিজের মতো কমিশন গঠন করে এটাকে বিবেচনা করা উচিত। যেখানে আগের সরকারের পে কমিশনের রিপোর্টটি একটা উপাদান হিসাবে বিবেচনা করতে পারে। প্রশ্নহীনভাবে এটাকে বিবেচনা করার সুযোগ উনাদের নেই', যোগ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## দিনাজপুরে অবৈধভাবে মজুত ১৬৭১ লিটার ডিজেল জব্দ

দিনাজপুরের ঘোড়াঘাটে অবৈধভাবে মজুত করা ১ হাজার ৬৭১ লিটার ডিজেল জব্দ করেছে উপজেলা প্রশাসন। মঙ্গলবার দুপুর ১টার দিকে পৌর শহরের আজাদমোড় এলাকার 'সালাম ভলকানাইজিং' নামে একটি দোকানে অভিযান চালিয়ে এসব ডিজেল জব্দ করা হয়। অভিযান সূত্রে জানা গেছে, দোকানটির ভেতরে কয়েকটি প্লাস্টিকের ড্রামে ডিজেল সংরক্ষণ করে রাখা হয়েছিল। পরে জব্দ করা ডিজেল সরকারি বাজারমূল্যে নিলামের মাধ্যমে বিক্রি করা হয়। প্রশাসন জানায়, বৈশ্বিক প্রেক্ষাপটে জ্বালানি তেলের সংকটের মধ্যে অবৈধ মজুত রোধে সারাদেশে অভিযান চলছে। এরই অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে ওই দোকানে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ ডিজেলের সন্ধান পাওয়া যায়। এসময়

দোকান মালিককে পাওয়া যায়নি। অভিযানে উপজেলা নির্বাহী কর্মকর্তা রুবানা তানজিনের নেতৃত্বে থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## তন্ত্র-মন্ত্রে মুক্তিযোদ্ধা হওয়া অমুক্তিযোদ্ধাদের ধরতে কাজ করছি: মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

আওয়ামী লীগ আমলে তন্ত্র -মন্ত্র দিয়ে মুক্তিযোদ্ধার তালিকায় নাম লেখানো অমুক্তিযোদ্ধাদের ধরতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। মঙ্গলবার জাতীয় সংসদে গাইবান্ধা -৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকনের সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী বলেন , অমুক্তিযোদ্ধা; যারা বিভিন্নভাবে মুক্তিযোদ্ধার তালিকাভুক্ত হয়েছেন, যেটা সংসদ সদস্য আজকে এখানে বলেছেন, আমরা মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় এটা নিয়ে কাজ করছি। এ ধরনের অমুক্তিযোদ্ধা ; যারা তন্ত্র -মন্ত্র দিয়ে মুক্তিযোদ্ধা তালিকায় সন্নিবেশিত হয়েছেন, তাদের সন্তানদের চাকরি দিয়েছেন এবং তারা নিজেরাও বিভিন্নভাবে বে নিফিটেড হয়েছেন অবৈধভাবে, তাদের শনাক্ত করতে আমরা কাজ করছি। 'আশা করি, অল্পদিনের মধ্যে আমরা এ ধরনের অমুক্তিযোদ্ধার সংখ্যা সুনির্দিষ্টভাবে জানতে পারবো এবং জাতিকেও জানাতে পারবো,' যোগ করেন আহমেদ আযম খান।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ আসাদ)

## শিক্ষাপ্রতিষ্ঠানে ৩ দিন অনলাইন ৩ দিন অফলাইনে ক্লাস

বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবিলায় সারাদেশে স্কুলগুলোতে অনলাইন ও অফলাইন দুভাবেই ক্লাস নেওয়ার পরিকল্পনা করছে সরকার। পাশাপাশি, সপ্তাহে ছয়দিন শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনা করা হতে পারে। যেখানে তিনদিন অনলাইন ও তিনদিন ক্লাস হবে অফলাইনে। মঙ্গলবার (৩১ মার্চ) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ছয়দিনের ক্লাস নেওয়ার পরিকল্পনার কথা জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। শিক্ষামন্ত্রী বলেন, দেশে জ্বালানি সাশ্রয়ে প্রধানমন্ত্রী নানান নির্দেশনা দিয়েছেন। এর মধ্যে এখন থেকে দেশের স্কুলগুলো পাঁচদিনের পরিবর্তে সপ্তাহে ছয়দিন খোলা রেখে অন্তত অনলাইন ও অফলাইনে ক্লাস চালু রাখার চিন্তা রয়েছে। বিশেষ করে, মেট্রোপলিটন এলাকাগুলোতে অনলাইনভিত্তিক ক্লাস চালুর ব্যাপারে পরিকল্পনা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## হাম উপসর্গ নিয়ে রংপুর মেডিকেলে ৫ শিশু ভর্তি, মেডিকেল টিম গঠন

রংপুর মেডিকেল কলেজ (রমেক) হাসপাতালে হামের উপসর্গ নিয়ে পাঁচ শিশু ভর্তি হয়েছে। তাদের চিকিৎসায় পাঁচ সদস্যের মেডিকেল টিম গঠন করা হয়েছে। মঙ্গলবার (৩১ মার্চ) দুপুর পর্যন্ত পাঁচ শিশুর ভর্তির বিষয়টি নিশ্চিত করেছেন হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আশিকুর রহমান। তিনি বলেন, ভর্তি শিশুদের আইসোলেশন ওয়ার্ডে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। এরই মধ্যে পাঁচ সদস্যের একটি মেডিকেল টিম গঠন করা হয়েছে। পরিচালক আরও বলেন, রোগীর চাপ বেশি হলে তাদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। ওই পাঁচ শিশুর নমুনা সংগ্রহ করে ঢাকায় পাঠানো হয়েছে। তারা হামে আক্রান্ত কি-না তা রিপোর্ট এলেই জানা যাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## শাহজালাল বিমানবন্দর জিয়ার নামে পুনর্বহালের সিদ্ধান্ত হয়নি

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম রিতা বলেছেন, ঢাকায় অবস্থিত দেশের প্রধান আন্তর্জাতিক বিমানবন্দরের নাম পরিবর্তন করে অতীতের মতো জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর করার কোনো সিদ্ধান্ত এখনো নেওয়া হয়নি। ভবিষ্যতে আলাপ-আলোচনা করে বিমানবন্দরের নাম পরিবর্তনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। মঙ্গলবার (৩১ মার্চ) জাতীয় সংসদ অধিবেশনে বিএনপি দলীয় সংসদ সদস্য সরওয়ার জামাল নিজামের সম্পূরক প্রশ্নের জবাবে এসব কথা বলেন মন্ত্রী। এর আগে, সরওয়ার জামাল নিজাম তার প্রশ্নে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরকে আগের নামে জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তরের পরিকল্পনা সরকারের আছে কি না, তা জানতে চান। ১৯৮০ সালে চালু হওয়া দেশের প্রধান এই বিমানবন্দরটির নাম ১৯৮৩ সালে 'জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর' হিসেবে নামকরণ করা হয়। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর ২০১০ সালে এর নাম পরিবর্তন করে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর রাখে। বর্তমানে এই নাম বহাল রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## বিএনপি সরকারের সঙ্গে নতুন করে সম্পর্ক রাখতে চায় ভারত, ভিসাও সহজ করবে

বাংলাদেশের বিএনপি নেতৃত্বাধীন নতুন সরকারের সঙ্গে ভারত নতুন করে সম্পর্ক রাখতে চায় বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। একইসঙ্গে দেশটি দ্রুতই ভিসা স্বাভাবিকীকরণ করবে বলেও জানান তিনি। মঙ্গলবার (৩১ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের মুখোমুখি হয়ে তিনি এ কথা জানান। বাংলাদেশের জন্য ভারত ভিসা স্বাভাবিক করবে কি না- জানতে চাইলে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ভারতের পক্ষ থেকে বলা হয়েছে, তারা ভিসা স্বাভাবিকীকরণ করবে। তিনি বলেন, আমি মনে করি দুইদেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য, জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক, এমনকি মেডিকেল ভিসা স্বাভাবিক করার জন্য ভিসা সহজীকরণ- এ বিষয়গুলো আগের জায়গায় ফিরে যাওয়া উচিত। তারা (ভারত) নিশ্চয়ই এটা করবে, আমাদেরকে তারা বলেছেও।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## দুর্নীতি ও অবহেলায় স্বাস্থ্যখাত স্থবির, সংসদে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য খাতে বিগত সরকারের সীমাহীন দুর্নীতির কারণে চিকিৎসা সেবা মারাত্মকভাবে ব্যাহত হয়েছে এবং অনেক জায়গায় ভেঙে পড়েছে। ফলে স্বাস্থ্য খাত স্থবির হয়ে পড়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। মঙ্গলবার (৩১ মার্চ) জাতীয় সংসদের অধিবেশনে সংসদ সদস্য মো. কামরুল হাসানের ৭১ বিধিতে মনোযোগ আকর্ষণ নোটিশের ওপর আলোচনার সময় তিনি এ কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সবার জন্য স্বাস্থ্যনীতির আলোকে বর্তমান সরকারের লক্ষ্য হলো সর্বজনীন স্বাস্থ্যসুরক্ষা নিশ্চিত করা এবং প্রত্যেক নাগরিককে মর্যাদা ও সম্মানের সঙ্গে স্বাস্থ্যসেবা দেওয়া। দুর্নীতিমুক্ত ও মানবিক স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে জেলা-উপজেলা পর্যায়ে মানসম্মত চিকিৎসা সেবা নিশ্চিত করা সরকারের নির্বাচনি অঙ্গীকার। প্রধানমন্ত্রী তারেক রহমান এর ওপর গুরুত্বারোপ করেছেন। বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে স্বাস্থ্যসেবা বিভাগ স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা নিয়েছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে বলেও জানান মন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## সারাজীবন ভারতের বিরুদ্ধে রাজনীতি করে ভারতের সঙ্গে গোপনে মিটিং করেন

জামায়াতে ইসলামী সারাজীবন ভারতের বিরুদ্ধে রাজনীতি করে ভারতের সঙ্গে গোপনে মিটিং করে বলে মন্তব্য করেছেন ভোলা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ। মঙ্গলবার (৩১ মার্চ) জাতীয় সংসদের অধিবেশনে তিনি এমন মন্তব্য করেন। সংসদে জামায়াতকে উদ্দেশ্য করে তিনি বলেন, আপনারা সারাজীবন ভারতের বিরুদ্ধে রাজনীতি করে ভারতের সঙ্গে গোপনে মিটিং করছেন। ওটাও তো ম্যানুভার (কৌশলগত পদক্ষেপ)। আপনারা মিটিং করেছেন, দিস ইজ অ্যা গুড কোয়ালিটি। দলটির উদ্দেশ্যে তিনি আরও বলেন, আপনারা তো সারাজীবন ইসলামের নামে রাজনীতি করে লাস্টে এসে বলছেন, 'আমরা শরিয়া আইন চাই না'। আপনারা হয়ত ভোটের জন্য এটা করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## সংবিধান সংস্কার বাস্তবায়ন আদেশ অন্তর্বর্তী সরকারের 'প্রতারণার দলিল'

সংবিধান সংস্কার বাস্তবায়ন আদেশকে 'ভয়েড অ্যাব ইনিশিও' বা শুরু থেকেই অবৈধ আখ্যা দিয়ে এ আদেশকে অন্তর্বর্তীকালীন সরকারের 'জাতীয় প্রতারণার দলিল' হিসেবে অভিহিত করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। 'সংবিধান সংস্কার বাস্তবায়ন আদেশ-২০২৫' প্রসঙ্গে তিনি বলেছেন, যে আদেশের কোনো আইনি ভিত্তি নেই, সেটি আইনত 'ভয়েড অ্যাব ইনিশিও' বা শুরু থেকেই অবৈধ। এটি না কোনো অধ্যাদেশ, না কোনো আইন, এটি একটি 'নিউট্রাল জেন্ডার' বা অন্তহীন প্রতারণার দলিল। এ আদেশকে 'জাতীয় প্রতারণার দলিল' অভিহিত করে তিনি এ-ও বলেন, ১৯৭৩ সালের পর রাষ্ট্রপতির এমন কোনো আদেশ জারির সাংবিধানিক ক্ষমতা নেই। মঙ্গলবার (৩১ মার্চ) জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতার উত্থাপিত একটি মুলতবি প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। স্পিকারের অনুমতি নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সংবিধানের বিভিন্ন অনুচ্ছেদ ও তফশিল উদ্ধৃত করে এ আদেশের আইনি অসারতা তুলে ধরেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## এই পার্লামেন্টে আমি চারদিনের শিশু : জামায়াত আমির

জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, এই সংসদে অনেক অভিজ্ঞ সংসদ সদস্য আছেন। আমি কিন্তু নতুন। এই পার্লামেন্টে আমি চারদিনের শিশু। মঙ্গলবার (৩১ মার্চ) ত্রয়োদশ জাতীয় সংসদের অধিবেশনে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, আসুন জনরায়কে সম্মান জানাই। আমরা সব কিছুর সমাধান চাই ন্যায্যতার ভিত্তিতে। মানুষের বিপুল প্রত্যাশার জায়গায় দাঁড়িয়ে আজ আমরা যদি বলে থাকি, স্বাধীনতার পূর্ণ আকাঙ্ক্ষা এখনো বাস্তবায়িত হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## বরগুনায় হাম সন্দেহে ৮৪ শিশু হাসপাতালে ভর্তি, ৬২ জনের নমুনা ঢাকায়

বরগুনায় দিন দিন বাড়ছে হামে আক্রান্ত ও সন্দেহভাজন রোগীর সংখ্যা। এখন পর্যন্ত হাম সন্দেহে ৮৪ জন শিশু হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছে। এর মধ্যে ১৮ জনের শরীরে হামের সংক্রমণ নিশ্চিত হয়েছে। ৬২ জন রোগীর নমুনা পরীক্ষার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। মঙ্গলবার (৩১ মার্চ) সন্ধ্যায় বরগুনার ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মো. রেজওয়ানুর আলম এ তথ্য নিশ্চিত করেন। হাসপাতাল সূত্রে জানা যায়, গত ২৪ ঘণ্টায় নতুন করে হাম সন্দেহে আরও আটজন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের মধ্যে কয়েকজনের অবস্থা পর্যবেক্ষণে রাখা হয়েছে। পরিস্থিতি মোকাবিলায় বরগুনা জেনারেল হাসপাতালে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। আক্রান্ত রোগীদের জন্য আলাদাভাবে ৩০টি শয্যা নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি, জেলার আমতলী, পাথরঘাটা ও বামনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুটি করে মোট ছয়টি এবং বেতাগীতে একটি শয্যা প্রস্তুত রাখা হয়েছে। তবে এখন পর্যন্ত সদর উপজেলার বাইরে হামে আক্রান্ত রোগী শনাক্ত হয়নি।

(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## সংবিধান নিয়ে পার্থের বক্তব্যের কঠোর সমালোচনা হাসনাতের

জাতীয় সংসদ অধিবেশনে সংবিধান নিয়ে ভোলা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থের বক্তব্য ও তাতে সরকার দলীয়দের সমর্থনের কঠোর সমালোচনা করেছেন কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ। মঙ্গলবার (৩১ মার্চ) মুলতবি প্রস্তাবের ওপর বক্তব্য দিতে গিয়ে তিনি বলেন, সংসদ সদস্য আন্দালিব রহমান পার্থ তার বক্তব্যে যারা সংবিধান ছুঁড়ে ফেলতে চায়, তাদের স্বাধীনতাবিরোধীদের সঙ্গে অ্যালাইন করেছেন, ট্যাগ করেছেন। এসময় ট্রেজারি বেঞ্চের (সামনের সারিতে বসা) মন্ত্রীরা টেবিল চাপড়িয়ে সমর্থন দিয়েছেন। কিন্তু গণতন্ত্রের জন্য আপোশহীন লড়াই করে যাওয়া বেগম জিয়া বলেছিলেন, যেদিন জনতার সরকার প্রতিষ্ঠা হবে, যেদিন এই পার্লামেন্ট জনতার সরকারের কাছে যাবে, সেদিন এই সংবিধানকে ছুড়ে ফেলা হবে। ট্রেজারি বেঞ্চে থাকা অনেক মন্ত্রী দীর্ঘদিন বেগম জিয়ার সঙ্গে রাজনীতি করেছেন। সংবিধান ছুড়ে ফেলার বক্তব্যকে স্বাধীনতাবিরোধী ও যুদ্ধাপরাধীদের সঙ্গে মিলিয়ে যে হাততালি দেওয়া হয়েছে, সেটির মধ্যদিয়ে বেগম জিয়াকে অপমান করা হয়েছে কি না- তা তাদের বিবেচনা করা উচিত, যোগ করেন হাসনাত আবদুল্লাহ। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## এক-এগারোর সময়ের মানবতাবিরোধী অপরাধেরও বিচার করবে ট্রাইব্যুনাল

এক-এগারোর সময়ে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের সঙ্গে কারও সম্পৃক্ততা পাওয়া গেলে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল স্বপ্রণোদিত হয়ে তদন্ত করবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, তদন্তে সাক্ষ্যপ্রমাণ পাওয়া গেলে মানবতাবিরোধী অপরাধে তাদের বিচারের সম্মুখীন করা হবে। মঙ্গলবার (৩১ মার্চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে চিফ প্রসিকিউটর এ কথা বলেন। এক প্রশ্নের জবাবে আমিনুল ইসলাম বলেন, যে-সব ক্রসফায়ারের ঘটনা ঘটেছে, বৈষম্যবিরোধীসংক্রান্ত যে মামলাগুলো হয়েছে, ইভেন দেন (এমনকি) এক-এগারোর সময় যে-সব মানবতাবিরোধী অপরাধের ঘটনা ঘটেছে, সেগুলো যদি আমাদের এই ট্রাইব্যুনালের এখতিয়ারভুক্ত হয়, সেগুলো আমরা তুলে নিয়ে আসবো।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## গণভোটে 'হ্যাঁ' ভোট দিতে জনগণকে বাধ্য করা হয়েছে : আন্দালিব পার্থ

গণভোটে 'হ্যাঁ' ভোট দিতে জনগণকে বাধ্য করা হয়েছে বলে সংসদে বিরোধী দলের প্রতি ইঙ্গিত করেছেন বিজেপি চেয়ারম্যান ও ভোলা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ। সংসদে এ নিয়ে কথা বলতে গিয়ে 'সংবিধান সংস্কার পরিষদের কথা কোথা থেকে আসছে'- এমন প্রশ্নও তোলেন তিনি। মঙ্গলবার (৩১ মার্চ) জাতীয় সংসদ অধিবেশনে গণভোট ও জুলাই সনদের ওপর বিরোধীদলীয় সংসদ সদস্যদের দেওয়া বক্তব্যের জবাবে তিনি এমন মন্তব্য করেন। সংবিধান সংস্কার পরিষদের কথা কোথা থেকে আসছে- এমন প্রশ্ন তুলে আন্দালিব রহমান পার্থ বলেন, সচরাচর আমরা যেভাবে সংবিধান পরিবর্তন করি, আমরা সেখানে থাকতে চেয়েছি। আমরা সেভাবে করবো। আপনারা (জামায়াতের উদ্দেশ্যে) বসেন, কথা বলি। গণভোটে ৭০ শতাংশ 'হ্যাঁ' ভোট পড়লেও, সংবিধান পরিবর্তনের জন্য ৫১ শতাংশ ভোট আমরাও (বিএনপি জোট) পেয়েছি। তিনি বলেন, আমাদের জুলাইয়ের বিরুদ্ধে নিয়ে যাওয়ার একটা পাঁয়তারা দেখতে পাচ্ছি। ঠিক আওয়ামী লীগ সরকারের কথা মনে পড়ে যায়। আমরা যদি কোনো কথা বলতাম, বলেতো, যুদ্ধাপরাধের বিচার চায় না। আমরা বলতাম, তেলের দাম কত? বলতো, যুদ্ধাপরাধের বিচার চায় না। আমি অনেকখানি ওই আচরণটা দেখতে পাচ্ছি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## এনসিপির প্রবাসী সংকট ব্যবস্থাপনা সেল গঠন

প্রবাসীদের সংকটে সহায়তার লক্ষ্যে গঠন করা হয়েছে এনসিপি প্রবাসী সংকট ব্যবস্থাপনা সেল। এনসিপি ও এনসিপি ডায়াসপোরা অ্যালায়েন্সের সমন্বয়ে এই সেল গঠন করা হয়েছে। মঙ্গলবার (৩১ মার্চ) এক বিবৃতির মাধ্যমে এই তথ্য জানানো হয়। এনসিপি ডায়াসপোরা অ্যালায়েন্সের আহ্বায়ক সাইফ সারোয়ার, সদস্যসচিব নাজমুল বসার এবং প্রধান সংগঠক জোবায়ের আহমেদের অনুমোদনে এই সেল গঠিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের স্বনির্ভর করে তোলা হবে : মির্জা ফখরুল

দেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের এসএমই ঋণ ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বনির্ভর করে তোলার আশ্বাস দিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (৩১ মার্চ) বিকেলে গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে জাতীয়তাবাদী, ক্ষুদ্র জাতিগোষ্ঠী দল আয়োজিত মতবিনিময় সভায় এ আশ্বাস দেন তিনি। মির্জা ফখরুল বলেন, নিজেদেরকে বিচ্ছিন্ন না ভেবে সবাইকে দেশের জনগোষ্ঠীর অংশ মনে করতে হবে। একইসঙ্গে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐক্য যেন বিনষ্ট না হয়, সে দিকে খেয়াল রাখতে হবে। যুদ্ধ বিগ্রহ আর হিংসায় পৃথিবী অপরিচিত হয়ে যাচ্ছে, তাই সবাইকে ঐক্য ধরে রাখতে হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সমস্যা চিহ্নিত করে সমাধান করবে সরকার, এমনটা উল্লেখ করে তিনি বলেন, এখানের অধিবাসীরা এ দেশেরই ভূমিপুত্র এবং দেশেরই অংশ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের উন্নয়নে আলাদা ফান্ড করার ক্ষেত্রে বিবেচনা করবে সরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## শাপলা চত্বর হত্যায় রাষ্ট্রের শীর্ষ কেউ থাকলেও তদন্তে বাদ পড়বেন না

রাজধানীর শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হত্যাকাণ্ডের ঘটনায় সাবেক ডিআইজি আবদুল জলিল মণ্ডলকে এ মামলার প্রধান কুশীলব বলে উল্লেখ করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম বলেছেন,

শাপলা চত্বরের ঘটনায় রাষ্ট্রের প্রধান ব্যক্তি থাকলেও, তদন্ত থেকে বাদ পড়বেন না। তিনি জানান, এই মামলার তদন্ত কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে, শিগ্‌গির প্রতিবেদন দাখিল করা হতে পারে। প্রতিবেদন পাওয়ার পর পরই ট্রাইব্যুনালে ফরমাল চার্জ (আনুষ্ঠানিক অভিযোগ) দাখিল করা হবে বলেও আশা তার। মঙ্গলবার (৩১ মার্চ) চিফ প্রসিকিউটরের নিজ কার্যালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। চিফ প্রসিকিউটর বলেন, আবদুল জলিল মণ্ডলের বিরুদ্ধে অনেক আগে থেকেই গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছিল। আমরা তাকে খুঁজছিলাম। অবশেষে তাকে গ্রেফতার করা হয়েছে। তাকে আজ ট্রাব্যুনালে আনার পর গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন ট্রাইব্যুনাল। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

## মুক্তিযুদ্ধে নির্যাতিত নারীর তালিকা প্রকাশ ও ক্ষতিপূরণ চেয়ে নোটিশ

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী ৩০ লাখ শহিদ ও সম্ভ্রম হারানো দুই লাখ নারীর একটি পূর্ণাঙ্গ তালিকা তৈরি এবং তাদের পরিবারকে সম্মানজনক আর্থিক ক্ষতিপূরণ প্রদানের দাবিতে সরকারের সংশ্লিষ্টদের প্রতি লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। জনস্বার্থে মঙ্গলবার (৩১ মার্চ) সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান এ লিগ্যাল নোটিশ পাঠান। নোটিশে মন্ত্রিপরিষদ সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, অর্থ মন্ত্রণালয়ের সচিব এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) মহাপরিচালককে বিবাদী করা হয়েছে। নোটিশে বলা হয়, স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের জন্ম হয়েছে ৩০ লাখ শহিদ এবং সম্ভ্রম হারানো দুই লাখ নারীর সর্বোচ্চ আত্মত্যাগের বিনিময়ে। সরকার যৌক্তিকভাবেই স্বীকৃতিপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের মাসিক ভাতা, কোটা এবং বিভিন্ন রাষ্ট্রীয় সুবিধা প্রদান করছে। কিন্তু স্বাধীনতার এত দশক পরও ৩০ লাখ শহিদ ও দুই লাখ নারীর একটি সুনির্দিষ্ট ও পূর্ণাঙ্গ তালিকা যাচাই-বাছাই করে প্রকাশ করতে রাষ্ট্রের ব্যর্থতা একটি গভীর ঐতিহাসিক অবিচার এবং জাতীয় ট্র্যাজেডি। নোটিশে যৌক্তিক আক্ষেপ প্রকাশ করে বলা হয়, শহিদদের পরিবারগুলো তাদের প্রধান উপার্জনক্ষম ব্যক্তিকে হারিয়ে যুগ যুগ ধরে চরম দারিদ্র্য ও সামাজিক অবহেলার মধ্যে জীবনযাপন করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৩.২০২৬ রিহাব)

# BBC

## 'FELT CLOSE TO DEATH': INDIAN SEAFARERS DETAINED IN IRAN RETURN HOME

Eight Indian seafarers who were detained in Iran in December have returned home after weeks of delay caused by the war in the Middle East. The men were part of an 18-member crew - 16 Indians and one each from Sri Lanka and Bangladesh - on a ship seized by Iranian authorities who alleged they were smuggling fuel. The company operating the ship denied this. Eight crew members returned to India on 10 February. The remaining eight Indians reached home on Sunday after an arduous journey that involved travelling via land to Armenia and then taking a flight via Dubai. The crew members from Sri Lanka and Bangladesh also flew back to their countries from Armenia. The ship, MT Valiant Roar, operated by Dubai-based Prime Tankers LLC, was seized on 8 December while it was in international waters. Some of the crew members were taken to a jail in Iran's Bandar Abbas port city, while the others were detained on the vessel.
(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

## HOW PAKISTAN WON OVER TRUMP TO BECOME AN UNLIKELY MEDIATOR IN THE IRAN WAR

Pakistan's role as intermediary in this conflict took many by surprise. But perhaps it shouldn't. The head of its armed forces, Field Marshal Asim Munir, is in US President Donald Trump's favour. The US leader frequently refers to him as his "favourite" Field Marshal and has previously spoken about how Munir knows Iran "better than most". Iran is not only a neighbour of Pakistan, with whom it shares a 900km (559 miles) or so border, but by its own messages also has a "brotherly" relationship with deep cultural and religious ties. It also has no US air bases. And unlike many of the usual intermediaries in the Gulf it has not yet been pulled into the conflict. Crucially, it is willing to wade in - peace between the US and Iran by many accounts would be in its interest. Still, there have been questions about how a country embroiled in conflict with two of its neighbours - Afghanistan and India - has positioned itself as a bringer of peace.(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

## CHINA BANS STORING CREMATED REMAINS IN EMPTY 'BONE ASH APARTMENTS'

Empty high-rise properties known as 'bone ash apartments' have become popular places for Chinese mourners to store ashes. Pictured is a file photo of flats in China. The Chinese government is set to ban people from storing the cremated remains of their loved ones in empty apartments instead of paying for expensive cemetery plots. The new law will put an end to "bone ash apartments", which have risen in popularity as spaces in cemeteries remain scarce. Low property prices in the country mean that for many, it is more affordable

to entomb the ashes of relatives in an empty apartment than pay for funeral costs. The legislation prohibits the use of residential properties "specifically for the placement of ashes" as well as the burial of remains outside of cemeteries and areas where ecological burial is legal. Bone ash apartments are empty properties which are turned into ritual halls by family members of the deceased. Their loved one's ashes are placed inside and the space turned into an ancestral shrine.(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

**ZELENSKY SAYS ALLIES ASKED HIM TO SCALE BACK ATTACKS ON RUSSIAN ENERGY**

Volodymyr Zelensky has said Ukraine's allies have urged him to scale back attacks on Russia's energy infrastructure amid the ongoing global fuel crisis - but that they would only end if Russia stopped targeting Ukraine's first. The Ukrainian president told journalists in a WhatsApp voice message that, by launching attacks on Russia's energy system, Ukraine was only responding in kind. It is unclear which countries he may have been referring to. China and India remain heavily dependent on Russian oil, and the EU on Russian gas. Zelensky's comments come amid a string of long-range Ukrainian strikes on Russia's energy sector, including the key oil export terminal at the port of Ust-Luga outside St Petersburg. "We have received messages from some of our partners asking about how our responses against Russia's oil sector - the energy sector - can be reduced," Zelensky said in the voice message.(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

**EUROVISION SONG CONTEST LAUNCHES FIRST-EVER ASIA EDITION**

Known for its glitzy stage costumes and sometimes outlandish performances, the Eurovision Song Contest is now launching its first ever Asia edition. Broadcasters from 10 countries in the region, including South Korea, Thailand and the Philippines, have confirmed that they will be taking part. According to the contest's website, which lists the participating countries, there are "more to follow". These countries will first host their own national selections before the grand final in Bangkok which will be broadcast live on 14 November. First held in 1956, Eurovision has grown into the world's longest running international music competition.
(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

**HUGE FIRES AT RUSSIAN OIL FACILITIES FOLLOWING UKRAINE STRIKES, SATELLITE IMAGES SHOW**

Satellite imagery and verified videos show Ukraine has repeatedly struck key Russian oil export infrastructure near the Baltic Sea in the past week, leaving some facilities burning for several days. BBC Verify has confirmed at least three oil sites in Russia's Leningrad region have been attacked since 23 March, including the ports of and Ust-Luga and Primorsk - and the inland Kirishi oil refinery. On Tuesday, Ukraine drone forces commander Robert Brovdi said Ust-Luga had been struck again on Monday night "to keep the fire going". Governor of Leningrad region Alexander Drozdenko said three people, including two children, were injured during the attack in which 38 drones were shot down. According to analysis by the Finland-based Centre for Research on Energy and Clean Air (Crea) 20% of Russia's total oil exports departed from Ust-Luga and 22% from Primorsk.
(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

**IRAN USING CHILDREN IN SECURITY ROLES IN WAR, REPORTS AND WITNESSES SAY**

The death of an 11-year-old Iranian boy reportedly in an air strike while manning a security checkpoint alongside his father in Tehran has thrown focus on a new initiative to recruit children into the security services. Alireza Jafari's mother Sadaf Monfared told the municipality-run newspaper Hamshahri that the pair had been helping Basij volunteer militia patrols and checkpoints to "maintain the security of Tehran and its people" when they were killed on 11 March. Last week, an Islamic Revolutionary Guard Corps (IRGC) official in Tehran told the IRGC-affiliated Fars News Agency that the organisation would enrol "volunteers" aged 12 and above. Eyewitnesses have told the BBC they have seen children, including some armed, in security roles in the capital and other cities. Foreign-based human rights organisations have also reported Alireza's death. The Kurdish group Hengaw said he was a "fifth-grade student" who was killed while present at a checkpoint in Tehran.
(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

**PALESTINIANS CONVICTED OF LETHAL ATTACKS FACE DEATH PENALTY UNDER NEW ISRAELI LAW**

Israel's parliament has approved a law that would make the death penalty the default sentence for Palestinians convicted of deadly terror attacks. Critics have described the new law as discriminatory and several European nations warn it risks undermining "democratic principles". The new law passed its third and final reading in the Knesset by 62 votes to 48 on Monday, with Israeli Prime Minister Benjamin Netanyahu voting in favour. The bill stipulates that Palestinians convicted in Israeli military courts of carrying out deadly attacks deemed to be "acts of terrorism" would be executed by hanging within 90 days, with a possible postponement of up to 180 days. In theory, Jewish Israelis could also be executed under the law - but in practice this almost certainly would not happen, as the death penalty could only be carried out where the intention of the attack was to "negate the existence of the state of Israel".(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

**TWO INDONESIAN UN PEACEKEEPERS KILLED IN EXPLOSION IN LEBANON**

Two Indonesian peacekeepers were killed in southern Lebanon on Monday when an "explosion of unknown origin destroyed their vehicle", the UN agency tasked with policing the region has said. A third peacekeeper was "severely" injured in the explosion, and a fourth was hurt, the United Nations Interim Force in Lebanon (Unifil) said on Monday. Initial findings suggest a roadside explosion struck their convoy, UN peacekeeping chief Jean-Pierre Lacroix said the following day. It was the second fatal incident in 24 hours, Unifil noted. A peacekeeper - who was also Indonesian - was killed on Sunday when a projectile, also of unknown origin, exploded in Adchit Al Qusayr, southern Lebanon. Unifil said it had launched investigations to determine what happened in both incidents. The deaths come shortly after the Israeli military announced it would step up ground and air attacks against the Lebanese armed group Hezbollah. Hezbollah, an Iranian-backed militia as well as a political party, has fired rockets into Israel in retaliation for the ongoing US-Israeli strikes on Iran. In a statement on Telegram, the Israeli Defense Forces (IDF) said the incidents were being "thoroughly reviewed in order to clarify the circumstances and determine whether they resulted from Hezbollah activity or from IDF activity."
(BBC Web page : 31.03.2026 Ali Ahmed)

**:: THE END ::**